১৬ পাতার সংখ্যা

দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 37 ■ Issue No. 19 ■ 11th May 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায় আছে —
পাব্লিক সার্ভিস কমিশনের ক্লার্কশিপ পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর
■ চাকরির পরীক্ষার সাফল্যের প্রস্তুতি ও গাইড

## নেভিতে কয়েকশো অগ্নিবীর

**মাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ভারতীয় নৌবাহিনী 'অগ্নিবীর (সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস-এস.এস.আর.)' পদে কয়েকশো অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে। 'অগ্নিপথ' স্কিমে এই পদের নাম হল 'অগ্নিবীর (এস.এস.আর.)'। এই পদের ব্যাচ নম্বর : 02/2024. কারা কারা আবেদনের যোগ্য : ফিজিক্স ও অঙ্ক আবশ্যিক বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল, কম্পিউটার সায়েন্স, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি বা, ইনফর্মেশন টেকনোলজির ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% নম্বর এরপর ১১ পাতায়

ICE Academy
WBCS প্রিমিয়াম কোর্স
SSC (CGL, CHSL, MTS)
PSC, রেল, কম্বাইন্ড
ক্লাসরুম ও অনলাইন
বালিগঞ্জ কেন্দ্র: 15 ও 19 মে
9804412898
7044517509

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের 'নেট' পরীক্ষার মাধ্যমে

## কয়েকশো লেকচারার

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের কলেজগুলির 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর/ লেকচারারশিপ' পদে চাকরি ও 'জুনিয়র রিসার্চ ফেলোশিপ'এর জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আর বৈজ্ঞানিক ও শিল্প সংক্রান্ত গবেষণা সংসদ (CSIR-UGC Test)'ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট বা, 'NET-June-2024' পরীক্ষার জন্য দরখাস্ত নিচ্ছে।

বি.এস. (৪ বছর), বি.ই. /বি.টেক./ বি. ফার্মা / এম.বি.বি.এস. / বি.এসসি. (অনার্স) / ইন্টিগ্রেটেড বি.এস.-এম.এস. পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী, দৃষ্টিহীন প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ভৌত বিজ্ঞান, জীব বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গাণিতিক বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং সায়েন্স, আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্স বিষয় নিয়ে এম. এসসি. কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী, দৃষ্টিহীন প্রতিবন্ধী ও ডক্টরেট ডিগ্রিপ্রাপ্তপ্রার্থীরা ১৯-৯-১৯৯১'এর আগে মাস্টার ডিগ্রি করে থাকলে ৫০%) নম্বর থাকলে আবেদন করতে পারেন। যাঁরা এবছর ওইসব শাখার এম.এসসি. বা, সমতুল কোর্সের ফাইনাল পরীক্ষা দিচ্ছেন, তাঁরাও আবেদনের যোগ্য। এরপর ১১ পাতায়

## কেন্দ্রীয় সংস্থায় ১২৭ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারি সংস্থা ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি.আর.ডি.ও.)'এর অধীন ডিফেন্স মেটালার্জিক্যাল রিসার্চ ল্যাবরেটরি আই.টি.আই. অ্যাপ্রেন্টিস হিসাবে ১২৭ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, টার্নার, মেশিনিস্ট, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, কার্পেন্টার, বুক বাইন্ডার। মাধ্যমিক পাশরা এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ এরপর ১৪ পাতায়

## পঞ্চায়েতে ৬,৫৫২ শূন্যপদ

অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু জুনে

রঞ্জিৎ ঘোষ, নবান্ন : রাজ্যের পঞ্চায়েত দফতরে গ্রুপ-ডি, পিওন, ডাটা এন্ট্রি অপারেটর, লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট, গ্রাম পঞ্চায়েত কর্মী, নির্মাণ সহায়ক, সহায়ক, সেক্রেটারি, অ্যাসিস্ট্যান্ট ক্যাশিয়ার, অ্যাকাউন্টস ক্লার্ক, এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার, ক্লার্ক-কাম-টাইপিস্ট, পঞ্চায়েত সমিতি পিওন, ব্লক ইনফর্মেটিক্স অফিসার ইত্যাদি পদে ৬,৬৫২টি শূন্যপদের জন্য অনলাইনে দরখাস্ত নেওয়া হবে জুন মাস থেকে। এরপর ১৪ পাতায়

## নৌবাহিনীতে নাবিক

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ভারতীয় নৌবাহিনী 'অগ্নিবীর (ম্যাট্রিক রিক্রুটস)' ক্যাটেগরিতে 'নাবিক (02/2024)' পদে কয়েকশো অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-১১-২০০৩ থেকে ৩০-৪-২০০৭'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি আর মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি। ছেলেদের বেলায় বুকের ছাতি অন্তত ৫ সেমি. প্রসারণক্ষম আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/১২ ৬/১২যা এরপর ১১ পাতায়

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
Clerkship
২০২৩ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র
৬০০/- টাকা
৩০০/- টাকা
সাফল্য সাফল্য

## বড়ো আবাসনের রক্ষণাবেক্ষণ ও সুষ্ঠু পরিচালনার এজেন্সি

কম পুঁজিতে নানা ব্যবসার সন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু

ব্যবসা

আজকাল বড়ো বড়ো আবাসন কমপ্লেক্স রক্ষণাবেক্ষণ ও সুষ্ঠু পরিচালনা করা অত্যন্ত লাভজনক ব্যবসা। আবাসনের



রক্ষণাবেক্ষণ ও পরিচালনার মধ্যে এমন প্রচুর কাজ বা পরিকল্পনা থাকে, যা আবাসিকদের বা ফ্ল্যাট ওনার্সদের পক্ষে সমায়াভাবে বা অভিজ্ঞতার অভাবে করা সম্ভব নয়। তাই থার্ড পার্টি এরপর ৬ পাতায়

## ৩৮ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ইনস্টিটিউট অফ নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড অ্যালায়েড সায়েন্সেস 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' ও 'গ্র্যাজুয়েট এরপর ১৪ পাতায়

## ২৫ অফিস অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কলকাতার সি.এস.আই.আর-সেন্ট্রাল গ্লাস অ্যান্ড সেরামিক রিসার্চ ইনস্টিটিউট 'অফিস অ্যাসিস্ট্যান্ট / মডার্ন অফিস ম্যানেজমেন্ট' পদে ২৫ জন লোক নিচ্ছে। এরপর ৫ পাতায়

## উজ্জ্বল ভবিষ্যৎ গড়ার দিশা দেখাতে ১০ ও ১১ মে মেদিনীপুরে **কর্মসংস্থান** কেরিয়ার ফেয়ার

নিজস্ব প্রতিনিধি, পশ্চিম মেদিনীপুর : এবছর যাঁরা মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন, তাঁরা ভাবছেন কোন বিষয় নিয়ে পড়লে উজ্জ্বল ভবিষ্যৎ তৈরি হবে, অথবা চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়ে ভালো কেরিয়ার গড়া যায়? আর সারা দেশে চাকরির প্রেক্ষাপট কেমন বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে, আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার গাইডেন্স পেতে **কর্মসংস্থান** ও Appointment & Career News-এর উদ্যোগে ১০ ও ১১ মে শুক্র ও শনিবার মেদিনীপুর শহরের হসপিটাল রোডের কাছে জ্যাক পল রেসিডেন্সির ব্যাঙ্কোয়েট হল-এ হচ্ছে 'কেরিয়ার ফেয়ার'। উপস্থাপনায় সুখবর। এরপর ৪ পাতায়

ভর্তির বিজ্ঞপ্তি
কল্যাণী বিশ্ববিদ্যালয়
স্বীকৃত
মোনার্ক কলেজ অব আর্ট অ্যান্ড টেকনোলজি
(১) ব্যাচেলর ইন অ্যানিমেশন অ্যান্ড ফিল্ম মেকিং
৩ বছর ট্রেনিং + ১ বছর ইন্টার্ণশিপ (৪ বছর)
(২) ব্যাচেলর ইন সিরামিক ডিজাইন
৩ বছর ট্রেনিং + ১ বছর ইন্টার্ণশিপ (৪ বছর)
যোগ্যতা : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ
(৩) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন অ্যানিমেশন অ্যান্ড ফিল্ম মেকিং
২ বছর। যোগ্যতা : যে কোনো শাখার স্নাতক
ভর্তির ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ—
১২ জুন, ২০২৪
মেধা তালিকা প্রকাশ —
১৭ জুন ২০২৪
কর্পোরেট অফিস : ৯৭৭৫৬০২৯২৩
৭-এ দেশপ্রাণ শাসমল রোড, টালিগঞ্জ, চারুমার্কেট, কলকাতা - ৭০০ ০৩৩ (রবীন্দ্র সরোবর মেট্রো স্টেশনে নিকটে)
রেজিস্টার্ড অফিস : ৯০৬৪০৬০০৫১
১৬৬, বিবেকানন্দ পল্লী, চুঁয়াপুর, পোঃ ও থানা : বহরমপুর, জেলা - মুর্শিদাবাদ, পিন - ৭৪২১০১, পশ্চিমবঙ্গ
(বহরমপুর স্টেশনের নিকটে)
EMAIL : monarchanimation04@gmail.com
WEBSITE : www.monarchanimation.org

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জমির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১১৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

ফিজিওথেরাপি, নার্সিং, অপটোমেট্রি, ECG, প্যাথলজি (DMLT), X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC – 32, Surya Sen St., Kol-9, Mob : 7980637213 CM

WBCS নোটস্। PSC, SLST ENGLISH, টেট অনলাইন কোচিং। www.haldereacademy.com WhatsApp - 6294898821 SH

**হোটেল ম্যানেজমেন্ট**
1 Yr. / 18 m. / 3 yrs. কোর্স করতে করতে চাকরি করার স্বর্ণ সুযোগ। বই, ড্রেস ফ্রি। বিদেশ/জাহাজে চাকরির সুযোগ। V.I.H.M (গভঃ রেজি) - দমদম, Mob : 9831132768 SA

## স্কুল-কলেজ-শিক্ষা

**TOPPER ACADEMY**
একচান্সে 6 মাসে পাশ করুন X & XII. অতি কম খরচে GNM, BDS, BA, B.Sc, BCA, BBA, LLB, MA, M.Sc, BSW, BLib ও Ph.D কোর্সে সরাসরি ভর্তি চলছে। M: 9051978921, 8479953999 MS

ভর্তি চলছে (July '24 to June 25, (Sunday) সেশন
**বঙ্গীয় বিজ্ঞান পরিষদ**
ডিপ্লোমা ইন ফিজিওথেরাপী অ্যান্ড যোগথেরাপী (১ বছর, যোগ্যতা মাধ্যমিক) যোগাযোগ : কর্মসচিব, পি-২৩, রাজা রাজকৃষ্ণ স্ট্রীট, কল-৬, 9163927421, 6291648608 SH

**নৈহাটি ও চুঁচুড়া-তে**
মাসিক মাহিনায় কোচিং - CGL, H.S. Lvl., MTS, PSC Misc., Clerk, WB SI & Constable, WBCS Rail & Combined. 9073447917, 9330496007 SH

## কর্মখালি

**নিজ জেলার বন্ধন ব্যাঙ্ক (DSA)-তে কাজের সুযোগ**
যোগ্যতা : ১০ম-স্নাতক - উর্দ্ধে। বেতন : (১৯,৫০০-৩৮,০০০) OT-সহ+অন্যান্য সুবিধা। শূন্যপদ - ৫৬। ১৫ দিনের মধ্যে আবেদন করতে হবে। Ex-সার্ভিস ম্যানদের অগ্রাধিকার। বিশদ জানতে M : 7586059977 SP

৮ ঘন্টা খাবার প্যাকিং-এর জন্য M/F চাই। বেতন - 16,200, সরাসরি স্থায়ী কাজ। যোগাযোগ : 8001552869 SA

## কর্মখালি

**প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব**
Age : 18-35, HS & Graduate. Salary : 14K–22K, নিজ এলাকা, বনগাঁ-দমদম : 9477762102, হাওড়া-হুগলি : 8902039780, কলকাতা : 6291125164 R

**ব্যাঙ্কে চাকরি 7 দিনে জয়েনিং**
নিজের যোগ্যতা অনুযায়ী ব্যাঙ্কে পার্মামেন্ট চাকরি। অফিসের কাজের জন্য মোট 220 জন M/F নেওয়া হবে। টার্গেট নেই। 10 পাশ হতে হবে। বেতন : 22400+ বোনাস ও প্রমোশন আছে। যোগাযোগ M : 8768241775 SA

## কর্মখালি

**প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব**
পঃ বাংলার বিভিন্ন জেলার M/F দের Back Office-সহ অন্যান্য পদে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। Salary, 23,320+ ছুটি, বোনাস, ESI, PF. M : 8167582476 SA

**AIRPORT – BANK**
Airport-এ কন্ট্রাক্টরের অধীনে ও Bank (DSA)তে সমস্ত জেলায় যোগ্যতা অনুযায়ী M/F নিয়োগ চলছে। বেতন : 17000–38000, PF, ESI, বোনাস-সহ থাকা-খাওয়া ফ্রি। M : 9432809295 SA

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে কর্মপ্রার্থী নিয়োগ চলছে। বিভিন্ন পদে অষ্টম-স্নাতক M/F, বেতন : 18000/- –42000/-, M : 9432949255 SA

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

**H.S. পাস Female নেওয়া হচ্ছে, নার্সের কাজের জন্য।**
(কাজ জানা না থাকলে শিখিয়ে নেওয়া হবে)
সরাসরি Interview
জীবনদীপ নার্সিংহোম এণ্ড আই হসপিটাল
আরাইল, বনগাঁ, ২৪ পঃ (উঃ)। (M) 8972358009, 7431037704 (W)

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆ : 7890135514

### বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

### চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকি কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে। — সম্পাদক, **কর্মসংস্থান**

**দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।**

উচ্চমাধ্যমিক পাশ করেছেন — নিশ্চিত চাকরি পেতে চান —

**ফার্মাসি, নার্সিং ও প্যারামেডিক্যাল কোর্সে প্রচুর চাকরির সুযোগ**




তাই কম খরচে নির্ভরযোগ্য প্রতিষ্ঠান থেকে পশ্চিমবঙ্গ ও রাজ্যের বাইরে থেকে এখনই ভর্তি হোন। সীট সীমিত

**GNM & B.Sc নার্সিং**
WBNC, INC স্বীকৃত

**D.PHARM ● B. PHARM**
**M.PHARM ● PHARM.D**
PCI & State Govt. স্বীকৃত

বিস্তারিত জানতে ফোন করুন —
KALYANI Reliable Your Future Starts Here
**7003007707, 9007309541**

**NEET, JENPAS, GNM/ ANM-এর Online / Offline**



কোচিংয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**RELIABLE ACADEMY** সত্যিই! কম খরচে এত বড় স্বপ্ন পূরণ

ভর্তির জন্য এখনই যোগাযোগ করুন এই নম্বরে
**7439739858, 7439133879**

*Join*

# BNG

## Hotel Management Institute, Kolkata

*World's Most Popular and Job Oriented Course*

## HOTEL, HOSPITALITY & TOURISM MANAGEMENT COURSES

| Program Duration | Total FEE | Fee Payable after Scholarship |
|---|---|---|
| 3 years | ~~1,90,000/-~~ | 1,40,000/- |
| 2 years | ~~90,000/-~~ | 70,000/- |
| 1 year | ~~50,000/-~~ | 35,000/- |
| 6 months | ~~25,000/-~~ | 23,000/- |
| 1 Year Learn & Earn From Day 1 | ~~1,00,000/-~~ | 70,000/- |

1 Year Diploma in Hospitality Management under CCFTR, MAKAUT, WB - Total Fee : Rs.45,000/- (3 Installments)

Residential Campus, Canteen Facility, Well Equipped Labs, Modern Infrastructure, Sports, Cricket, Football, Indoor Games, etc

Our Recruiters ....



100% PLACEMENT ASSURED

আসন সীমিত

98307 96301

ট্রেনিং এবং প্লেসমেন্ট সমূহ

দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি

INSTANT LOAN*

Bring this Cutout to avail Scholarship Code : #SLBNG2024

Scan this QR Code for Admission

BNG HOTEL MANAGEMENT INSTITUTE

W: www.bngkolkata.com | E: admin@bngkolkata.com | P: +91 98307 96307 | Toll Free No.: 1800 891 1508

## কর্মসংস্থান কেরিয়ার ফেয়ার ১ পাতার পর

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানান জরুরিপরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে দেশের ও রাজ্যের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আইটিআই, নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর চাকরির কোচিং ইনস্টিটিউটের স্টল। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ার। ঢোকার এন্ট্রি ফী নেই। উপরন্তু থাকছে ফ্রি টিফিন। এছাড়াও থাকছে বিভিন্ন প্রতিষ্ঠানের 'এডুকেশন কীট'। এই কেরিয়ার ফেয়ারে যোগ দিতে চাইলে এখনই ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

কেরিয়ার ফেয়ার প্রাঙ্গণে এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান থাকছে : (১) ন্যাশনাল কম্পিউটার সাক্ষরতা মিশন (টাইটেল স্পন্সর্ড), (২) কল্যাণী রিলায়েবল (কো-স্পন্সর্ড), (৩) চিৎকারা ইউনিভার্সিটি (কো-স্পন্সর্ড)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (৪) জে.আই.এস গ্রুপ, (৫) রাইস এডুকেশন, (৬) ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট স্টাডিজ, (৭) গ্লোবাল ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট স্টাডিজ, (৮) হলদিয়া ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট, (৯) কোশিস গ্রুপ অফ ইনস্টিটিউশন, (১০) দেশ ভগত ইউনিভার্সিটি (১১) ক্যামিলিয়া গ্রুপ অফ ইনস্টিটিউশন, (১২) স্পন্দন গ্রুপ অফ ইনস্টিটিউশন, (১৩) মোপেল ইনস্টিটিউট অফ অ্যানিমেশন অ্যান্ড ডিজাইন, (১৪) ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, (১৫) সীকম স্কিল ইউনিভার্সিটি, (১৬) হলদিয়া ইনস্টিটিউট অফ হেল্‌থ সায়েন্স, (১৭) বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, (১৮) ডঃ বি.সি. রায় সোসাইটি, (১৯) মহারাজা অগ্রসেন-মাইন্ডমাইন কলেজ অফ স্কিল এডুকেশন, (২০) প্রিস্টিন স্কিল পাওয়ার ফায়ার সেফটি অ্যাকাডেমি, (২১) গুরুকুল এডুটেক, (২২) ভিশন ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি, (২৩) লিবার্টি ফাউন্ডেশন, (২৪) অ্যাঞ্জেল ডে স্কুল অফ নার্সিং, (২৫) সীকম ইঞ্জিনিয়ারিং কলেজ, (২৬) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং, (২৭) কেরিওগ্রাফ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট স্টাডিজ, (২৮) জয় নার্সিং অ্যান্ড ওয়েলফেয়ার, (২৯) মা ভবানি গ্রুপ অফ ইনস্টিটিউশন, (৩০) টেগোর স্কুল অফ রুরাল এডুকেশন, (৩১) ইনফিনিটি গ্রুপ, (৩২) বেলারানি গ্রুপ অফ ইনস্টিটিউট, (৩৩) সাই কন্সালট্যান্সি, (৩৪) ডব্লু.বি.ডি.ই.এস গ্রুপ অফ কলেজেস, (৩৫) কলেজ অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কোলাঘাট, (৩৬) শার্ক এডুটেক ডট কম (৩৭) অ্যাকাডেমিয়া, (৩৮) দ্য ইনস্টিটিউট অফ এডুকেশন ম্যানেজমেন্ট,।

এছাড়াও কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে।

6 মাসে সরকারিভাবে NIOS থেকে MP, HS গ্যারান্টি পাশ করুন
D.Pharm
নার্সিং : B.Sc. 2.5 Lakh / GNM 2 Lakh

ট্রেনিং শেষে 100% সরকারি চাকরির সুযোগ
WBNC & INC স্বীকৃত কলেজে ছেলেমেয়েদের ভর্তির সুযোগ
ITI ও Polytechnic-এ অল্প খরচে ভর্তি ও চাকরির সুযোগ
Paramedical : OT, ICU, DMLT, Physiotherapy, ECG, ANM
বর্ধমান : 9083395622, বারাসাত : 7980134830, কলকাতা : 9339279211,

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ

## কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি

কৃষ্ণনগর ও বহরমপুরে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবকটি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটরি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে। সরকারি পরিকাঠামোয় উন্নত ল্যাবরেটরি ও কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্বাচিত অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর মাধ্যমে মনোরম পরিবেশে আছে ক্লাস করার সুযোগ।


ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO),

**মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর :** Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office).
Ph. : 7602656588, 7001279061.

**বহরমপুর স্টাডি সেন্টার :** 20/1 Madhupur Road, P.O & P.S : Berhampore, Dist. - Murshidabad, WB.
Ph. : 9064922886, 9733523939.

ওয়েবসাইট : www.sipto.org
ই-মেল : www.sipto19@gmail.com

এখান থেকে পাশ করে চাকরি করছে এমন কিছু ছেলেমেয়ের ছবি দেওয়া হল —


বুদ্ধদেব পাল


গণেশ চন্দ্র পাল


মহঃ সুরজ আলি


প্রশান্ত ভাওয়াল


সঙ্গীতা মাইতি


ত্র্যম্বক কান্তি কর

সরকারের বিভিন্ন সংস্থা দ্বারা অনুমোদিত

## ন্যাশনাল কম্পিউটার সাক্ষরতা মিশনে কম্পিউটারের নানান কর্মমুখী কোর্সে ভর্তি চলছে

ন্যাশনাল কম্পিউটার সাক্ষরতা মিশনে (NCSM) কম্পিউটারের নানান কোর্সে ভর্তি শুরু হয়েছে। কোর্সগুলি হল : (১) CCA, (২) ADOAP, (৩) DTP, (৪) TALLY, (৫) DCA. যোগ্যতা : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ। এইসব কোর্সের সার্টিফিকেট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে গ্রহণযোগ্য ও অনলাইনে ভেরিফিকেশন করা হয়। ভরতির জন্য এখনই নিচের কেন্দ্রগুলিতে যোগাযোগ করুন। নিচে জেলাভিত্তিক এই সংস্থার অনুমোদিত স্টাডি সেন্টারের নাম ও ফোন নম্বর দেওয়া হল —

**মুর্শিদাবাদ** — (১) বহরমপুর টাউন : 9434809000, (২) জিয়াগঞ্জ : 9153269530, (৩) ডোমকল : 9734809909, (৪) আহিরন : 9476463179, (৫) নিমতিতা : 9474314924, (৬) ভগবানগোলা মহিসাস্থলী : 9153269234, (৭) খাগড়া (ইন্দ্রপুরী) : 8350014294, (৮) খাঁপুর : 9475227500, (৯) রানীতলা : 9732374452, (১০) চুঁয়াপুর, বিধাননগর : 9474317583.

**বর্ধমান** — (১) গুসকরা : 9732386396, (২) বুলবুলিতলা : 9800691567, (৩) ধাত্রিগ্রাম : 9064534552, (৪) কাটোয়া : 7602707070, (৫) অগ্রদ্বীপ : 8926789838, (৬) সমুদ্রগড় : 8617441330.

**দার্জিলিং** — (১) বিধাননগর : 9749380490, (২) খরিবাড়ি : 8617382292.

**আলিপুরদুয়ার** — সলসলাবাড়ি : 9832216069.

**২৪ পরগনা** — (১) ঘটকপুকুর : 9775346105, (২) ভাদুড়া (ফলতা) : 9153525254, (৩) দক্ষিণ বারাসাত : 7318947646, (৪) ডায়মন্ডহারবার : 8145929750, (৫) রাজারহাট : 9330824769, (৬) পাথরঘাটা : 9088058888, (৭) গোচরণ : 9002336286, (৮) ধোসাহাট : 9002849558, (৯) বাওয়ালি : 7003941496, (১০) গাদামারা হাট : 9233163935, (১১) কৃষ্ণচন্দ্রপুর : 7699647902, (১২) নিমিচি : 9933888815, (১৩) মশাট বাজার : 6296300179, পাকাপোল : 9088058888, (১৪) সরিষা : 9734508122, (১৫) পাঠানখালি : 8420204458, (১৬) দেগঙ্গা : 8926374678, (১৭) ঠাকুরনগর : 7719131895, (১৮) চুনাখালি : 9733568845, (১৯) উঃবরুনী দেগঙ্গা : 8159887478, (২০) বায়লানী বাজার : 9800983929, (২১) নন্দকুমারপুর : 9647487748, (২২) ক্যানিং ঘোষ পাড়া : 9332388453, (২৩) বারাকপুর : 6289088685, (২৪) টাকি থুবা : 9733335605, (২৫) ন্যাজাট : 7908036949, (২৬) দত্তপুকুর : 8910774283.

**কোচবিহার** — (১) বাণেশ্বর : 9733036694, (২) কোচবিহার টাউন : 8918513763, (৩) পুন্ডিবাড়ী : 9775141222, (৪) নিশিগঞ্জ : 8016624127, (৫) থানেশ্বর : 9614783545, (৬) বক্সিরহাট : 9832413867, (৭) বাকলা : 9832115325, (৮) সিতাই : 9933602913, (৯) দিনহাটা : 9932307925, (১০) বড়বাংরস (পুন্ডিবাড়ী) : 9749998540.

**জলপাইগুড়ি** — (১) ডাঙ্গুয়াঝার : 8371887139, (২) ময়নাগুড়ি : 8759307880.

**হুগলি** — (১) চিলাডাঙ্গী : 9775950283, (২) আঁটপুর : 9434618189, (৩) বাতানল : 9732830856, (৪) শ্রীরামপুর : 9239522055, (৫) বাকুলিয়া বলাগড় : 8945036683, (৬) তিলকচক : 8348184875, (৭) ভাস্তারা গুড়াপ : 9933504610, (৮) রঘুনাথপুর : 7003088315, (৯) দশঘড়া : 9933504610.

**হাওড়া** — (১) খিদিরপুর (শ্যামপুর) : 9153160565, (২) জগদীশপুর : 9051404124, (৩) বেলানগর : 9804993138, (৪) শিবপুর (শ্যামপুর) : 8609716503, (৫) বাউরিয়া : 9681056429.

**নদিয়া** — (১) শান্তিপুর : 9800205466, (২) রানাঘাট : 9832739937, (৩) নবদ্বীপ : 9832211050, (৪) করিমপুর : 9647495781, (৫) নাগাদি বাজার : 9093684464, (৬) বাগদিয়া : 8926557548, (৭) বড়োজাগুলী : 9231919780, (৮) হবিবপুর : 8640894489, (৯) ধুবুলিয়া : 8927895286, (১০) বেথুয়া : 9332414813, (১১) বামনপুকুর (শ্রীমায়াপুর) : 9735325121, (১২) হরিনঘাটা : 9563272885, (১৩) বেতাই : 9732741941, (১৪) কালিনগর : 9126965976, (১৫) চিলাখালি : 9091601809, (১৬) রোডস্টেশন (কৃষ্ণনগর) : 9733020808.

**বীরভূম** — (১) কীর্নাহার : 9732053682, (২) ময়ুরেশ্বর : 7001829673, (৩) রামপুরহাট : 9874126557, (৪) সাঁইথিয়া : 9126133134, (৫) নলহাটি : 9064751675, (৬) কালিকাপুর : 7384854952,

**বাঁকুড়া** — (১) বেলিয়াতোড় : 9932777750, (২) লক্ষিসাগর : 9064154761, (৩) বনদুবরাজপুর : 9933744355, (৪) বিষ্ণুপুর : 8436868989.

**দিনাজপুর** — (১) ইটাহার : 6297790220, (২) কসবা (রায়গঞ্জ) : 7679787688, (৩) দৌলতপুর : 7908715034, (৪) ডালখোলা : 9681968765, (৫) ইসলামপুর : 9474440728, (৬) বালাপুর : 7407607242, (৭) সাহেবঘাটা : 6294550765, (৮) মহেশপুর : 9647808046, (৯) রায়গঞ্জ টাউন : 9474138131, (১০) করনদিঘি : 9547617407, (১১) দাড়ালহাট : 7407607242, (১২) হেমতাবাদ : 7908994651, (১৩) বাউল : 9002930185, (১৪) বামনগ্রাম : 9434607607, (১৫) গোয়াগাও সাহাপুর : 9735083040, (১৬) বালুরঘাট : 7551054702, (১৭) বুনিয়াদপুর : 8695873322, (১৮) পতিরাম : 7551054702, (১৯) গঙ্গারামপুর : 9635818680, (২০) কাঁচাকলি (চোপড়া) : 9002353486, (২১) ভৈষপিটা (চোপড়া) : 8101930811, (২২) তপন : 6297890951, (২৩) ডাঙ্গারহাট : 9002830185, (২৪) ফুলবাড়ী : 9002830185, (২৫) হরিরামপুর : 6297790220, (২৬) কালিয়াগঞ্জ : 9153210242.

**মালদা** — (১) গাজোল (শঙ্করপুর) : 7407771141, (২) রতুয়া : 8348342236, (৩) ১২ মাইল : 7699212325.

**মেদিনীপুর** — (১) দেউলিয়া বাজার : 7501541306, (2) কন্টাই : 9932262494, (৩) চৈতন্যপুর : 8170060230, (৪) বলাইপন্ডা : 9434885948, (৫) কাকতিয়া : 9002648067, (৬) বরোজ : 8346086266, (৭) রামনগর : 9564027561, (৮) সবং : 9434373329, (৯) মোহার : 9735746137, (১০) ময়না : 9434885948, (১১) কুশবসান : 9564210978, (১২) আলনগিরি : 9732860145, (১৩) সৈয়দপুর : 9734308410, (১৪) কামারদা : 7602129907, (১৫) শ্মশানকালী : 7478790009, (১৬) এগরা : 7031619910, (১৭) নন্দীগ্রাম : 8016003945, (১৮) শ্রীকৃষ্ণপুর (নন্দকুমার) : 9800041394, (১৯) করকাই (পিংলা) : 8167768505.

**পুরুলিয়া** — (১) কাশিপুর : 9851525021, (২) বরাবাজার : 9635141626, (৩) পুঞ্চা : 9851525021, (৪) বোদালদিহি : 9064237377, (৫) দেওলি : 9749223987, (৬) সাঁওতালডি : 9064020575, (৭) আদ্রা রোড : 8016854281.

**এই সংস্থার অনুমোদিত স্টাডি সেন্টার খুলতে যোগাযোগ করুন এই নম্বরে : ৯০৮৩৭০৯০০০, ৯২৩২৭০৯০০০।**

## ইন্টেলিজেন্স অফ ইন্ডিয়া

কম্পিটিটিভ পরীক্ষায় সফল হতে ফ্রি কোচিং সহ ল্যাপটপ, বৃত্তিরাশি পেতে কল করুন

**শেষ তারিখ ঃ ৩০শে মে**

কলকাতাঃ 8101878008
প. বর্ধমানঃ8170063404
হুগলীঃ 9804429827
বীরভূমঃ 9831212518
উঃ ২৪ পরগনাঃ 9239237891


## ২৫ অফিস অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

ইংরিজি, হিন্দি, ইকনমিক্স, ইতিহাস, সোশিওলজি, রাষ্ট্রবিজ্ঞান, ভূগোল, দর্শন, নৃতত্ব, ফটোগ্রাফি, পাব্লিক অ্যাডমিনিস্ট্রেশন, ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক, জুলজি, বটানি, মাইক্রোবায়োলজি, কম্পিউটার সায়েন্স, স্ট্যাটিস্টিক্স, হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ক্যাটেরিং টেকনোলজি, এনভায়রণমেন্টাল সায়েন্স, ইলেক্ট্রনিক্স-এর ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বি.কম., বি.বি.এ., বি.সি.এ., হোটেল ম্যানেজমেন্ট, আন্ত্রেপ্রেনিওরশিপ, বিজনেস স্টাডিজের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সব ক্ষেত্রে ডিগ্রি কোর্স পাশ হতে হবে ২০২০ থেকে ২০২৪ সালের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫)। এই পদের বিজ্ঞপ্তি নং : 04/2024. প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


## CENTRAL INSTITUTE OF HOTEL & HOSPITALITY MANAGEMENT



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক-এর পর ম্যানেজমেন্ট পড়ে দেশে ও বিদেশে নিশ্চিত চাকরি

হোটেল ম্যানেজমেন্ট
ক্রুজ শিপ ম্যানেজমেন্ট
অ্যাভিয়েশন / হসপিটালিটি
হসপিটাল ম্যানেজমেন্ট

ভর্তি চলছে ২০২৪

03329510029, 8013990366

KOLKATA | BARRACKPORE | NORTH 24 PARGANAS

## ITI-তে ভর্তি

NCVT অনুমোদিত
TIIME-ITI-তে 2024 সেশনে ভর্তির জন্য যোগাযোগ করুন :

কোর্স
**Electrician & Surveyor**

9831988262, 9143234509
033-25444644

## 100% JOB

Join Certificate / Diploma Courses in Hotel Management and get 100% paid internship / Job in Star Hotels / Resorts.

**SEACOM HOTEL MANAGEMENT COLLEGE**

www.seacomhotelmanagement.org
Call : 9073794033 | 7605050242


## বৃন্দাবন রামকৃষ্ণ মিশনের নার্সিং কোর্সে ভর্তি — 2024

রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের স্কুল অফ নার্সিং (বৃন্দাবন) ৩ বছরের জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জিএনএম) ৪৩-তম ব্যাচে ভর্তি নিচ্ছে। কোর্সটি উত্তর প্রদেশ রাজ্য সরকারের মেডিকেল ফ্যাকাল্টি পরিচালিত ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল স্বীকৃত। কমপক্ষে ৪০% নম্বর সহ উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ বা উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী ১৭ থেকে ২২ বছরের অবিবাহিত মেয়েরা এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন। পড়ানো হবে ইংরিজি মাধ্যমে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, ইন্টারভিউ ও মেডিকেল ফিটনেসের মাধ্যমে। লিখিত পরীক্ষার সম্ভাব্য দিন ১২ জুলাই। ইন্টারভিউ ও মেডিকেল ফিটনেস টেস্ট হবে যথাক্রমে ১৩ ও ১৪ জুলাই। বাছাই প্রার্থীদের নিখরচায় থাকা-খাওয়ার ব্যবস্থা রয়েছে। টিউশন ফি বাবদ প্রতি বছরের একটা charge দিতে হবে। আবেদন পত্র, প্রসপেক্টাস ও নমুনা প্রশ্নপত্রের জন্য ৪৫০ টাকা ডিম্যান্ড ড্রাফট বা BANK মাধ্যমে পাঠাতে হবে ২০ জুনের মধ্যে। এই ঠিকানায় : The Secretary; Ramakrishna Mission Sevashrama, Vrindaban, Dist. Mathura, UP 281121 যোগাযোগের ফোন নম্বর- **8218696989, 9870850413, 8077575638** (সকাল ৯টা থেকে দুপুর ১টার মধ্যে, রবিবার অফিস বন্ধ)। **Email : rkmsvrnd@gmail.com** । Bank Transfer, **RAMAKRISHNA MISSION SEVASHRAMA, State Bank of India, Vrindaban, Mathura, A/C No. : 1068 4298 661, IFSC: SBIN0002502.** প্রার্থীকে আমাদের ইমেলের মাধ্যমে নিম্নলিখিত বিবরণগুলি অতিবাহিত করতে হবে : প্রার্থীর পুরো নাম এবং ঠিকানা, ফোন নম্বর এবং ই-মেইল।


## NSIC TECHNICAL SERVICES CENTRE

Govt. of India Enterprise | Ministry of MSME
Japanigate, Balitikuri, Howrah

**NSIC তার সফল ITI ছাত্রদের অভিনন্দন জানায়**



KARTIK CHOWDHURY — Welder, L & T
NASIRUDDIN MAITY — Welder, DRDO
ANKIT SAH — Electrician, IOCL
SUMAN SANTRA — Electrician, Eastern Railways
ANIRBAN DOLUI — DMM, Mitsubishi



PRADIP SARKAR — Surveyor, L & T
ANIT DAS — Machinist, Kharagpur Metal
SOUVIK RANA — Fitter, Jindal India
SANTANU KOLEY — Fitter, CSIR
SUNANDA KAMILA — Fitter, Tata Automobile

ADMISSION OPEN FOR 10TH STANDARD & ONWARDS

FITTER | MACHINIST | WELDER | TURNER | DMM | SURVEYOR
LIMITED SEATS AVAILABLE | CONTACT: 8910394968, 9433048241, 7003027448

## GNM

WBNC & INC স্বীকৃত

2024-25 সেশন ৩ বছরের কোর্সে ভর্তি চলছে

বয়স 17-37 বছর ও 10+2 পাশ হতে হবে

100% জব প্লেসমেন্ট
হস্টেলের সুবিধা আছে
স্টুডেন্ট ক্রেডিট কার্ড ও স্কলারশিপের ব্যবস্থা আছে
সত্বর যোগাযোগ করুন।
আসন সীমিত

**রাজীব গান্ধী নার্সিং ট্রেনিং স্কুল**
কাঁকিনাড়া, উত্তর ২৪ পরগনা
(কাঁকিনাড়া স্টেশন হইতে ১০ মিনিটের পথ)

Call : 8017386045

## GENEX SUPTENNDU GROUP

# ট্রেনিং শেষে হাসপাতালে বা Health Sector-এ চাকরি সুনিশ্চিত করতে চান ?

ADMISSION GOING ON

ট্রেনিংয়ের শেষে Placement-এর পূর্ণ সহায়তা করা হবে

আগ্রহী ছাত্রছাত্রীরা সত্বর যোগাযোগ করুন

মাত্র 4.5 লাখ টাকায় নার্সিং পড়ার সুযোগ

## GNM (Male)

**LAKSHMI NURSING INSTITUTE**
Affiliated By : W.B.N.C. / I.N.C Applied

ট্রেনিংয়ের জন্য লোনের ব্যবস্থা আছে (শর্ত সাপেক্ষে)

স্কলারশিপ ৫০০০০ টাকা

## GNM (Female)

মাত্র ২.৫ লাখ টাকায়

**BASUDEB NURSING ACADEMY**
Affiliated By : W.B.N.C. / I.N.C Applied

## D.PHARMA

মাত্র ২ লাখ টাকায়

**Genex College of Pharmaceutical Science & Technology**
Affiliated by WBSCTVE & SD Approved by PCI

মাত্র ২.৫ লাখে মেয়েদের ও ৪.৫ লাখে ছেলেদের পশ্চিমবঙ্গ থেকে ৩ বছরের Nursing করার সুবর্ণ সুযোগ আর তার সাথে কলেজের পক্ষ থেকে পেয়ে যান ৫০ হাজার টাকা পর্যন্ত স্কলারশিপের সুবিধা

স্কলারশিপের সুবিধা

- অত্যাধুনিক কলেজ ক্যাম্পাস ও ফ্রী Wi-Fi পরিষেবা
- স্বাস্থ্য উপযোগী হোস্টেল ও স্বাস্থ্যকর খাবারের ব্যবস্থা

Address: Sugandha, P.S- Polba, Dist.- Hooghly
9748305453, 8335083933, 8100613849, 8335063512

# চাকরির বাজারে কোন কোন কোর্সের ভবিষ্যৎ উজ্জ্বল, তার দিশা দেখাতে

## কর্মসংস্থান আয়োজিত কেরিয়ার ফেয়ার। থাকবে রাজ্য ও দেশের ৫০টি প্রথম সারির নামি কলেজ, চাকরির শিক্ষা প্রতিষ্ঠানের স্টল।

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : 'কর্মসংস্থান', 'সাফল্য', 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার উদ্যোগে গত বছর থেকে জেলায় জেলায় 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। ভবিষ্যৎ তৈরির তাগিদে এই ধরনের মেলায় হচ্ছে উপচে পড়া ভিড়। দেশ ও রাজ্যের প্রথম সারির শিক্ষা প্রতিষ্ঠান, কলেজ ও বিশ্ববিদ্যালয় মিলিয়ে প্রায় ৫০টির মতো স্টল থাকবে। প্রতিটি প্রতিষ্ঠানের সেরা কাউন্সিলররা চাকরির চাহিদা অনুযায়ী কম কোর্স ফি-তে কোন প্রফেশনাল কোর্স পড়বেন তার হদিশ দেবেন। রাজ্য জুড়ে হওয়া এই ফেয়ারে হাজির থাকবে কয়েকশো ছেলেমেয়ে ও তাদের অভিভাবকেরা। এইট পাশ, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট, আই.টি.আই., ডিপ্লোমা ইঞ্জিনিয়ার, ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট, নার্সিং, প্যারামেডিক্যাল-সহ সব ধরনের স্টলে সরাসরি গিয়ে ছেলেমেয়েরা কেরিয়ার সংক্রান্ত বিভিন্ন তথ্য খুব সহজেই জানতে পারবে। এছাড়াও সরকারি চাকরির ব্যাপারে খুঁটিনাটি তথ্য সরাসরি জানতে পারবেন কর্মসংস্থানের স্টল থেকে।












বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

এবছর মাধ্যমিক / H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

১০ ও ১১ মে (শুক্রবার ও শনিবার)

জ্যাক পল রেসিডেন্সি (ব্যাঙ্কোয়েট হল), হসপিটাল রোড, মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর

থাকবে দেশ ও রাজ্যের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আইটিআই, নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচারাল আর অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ, চাকরির কোচিং ইনস্টিটিউটের স্টল

স্পট অ্যাডমিশনের ওপর পাবেন বিশেষ ছাড়

উপস্থাপনায় :

কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

আকর্ষণীয় গিফট

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Sponsored by :

ncsm NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

: Co-sponsors :

KALYANI Reliable

CHITKARA UNIVERSITY

In Gracious Presence

JIS GROUP, FDDI, Indian Institute of Packaging, RICE EDUCATION, moople INSTITUTE OF ANIMATION AND DESIGN, HHM HOTEL AND HOSPITALITY MANAGEMENT COLLEGE, VIMT, CARREOGRAPH Institute of Management Studies, KOSHYS GROUP OF INSTITUTIONS, SPANDAN, GIMS, HIM HALDIA INSTITUTE OF MANAGEMENT, PSP, DR. B.C. ROY SOCIETY ENGINEERING, CAMELLIA A TRUSTED NAME, SAI, SHARK edutech.com, LIBERTY FOUNDATION, BGI BELARANI GROUP OF INSTITUTIONS, Infinity The Leader in Education, ADSN, seacom GROUP, BANKURA 722146

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। কোন প্রতিষ্ঠান 'স্টারবেরিসেন্স' সেন্সর তৈরি করেছে — ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ অ্যাস্ট্রোফিজিক্স।

২। পদার্থবিজ্ঞানের মূল নীতি — শক্তির সংরক্ষণশীলতা নীতি।

৩। 'প্রমাণ মিটার'এর ধাতুদণ্ড তৈরি — প্ল্যাটিনাম ও ইরিডিয়াম ধাতু সংকর।

৪। 'ডপলার ক্রিয়া' কোন বিষয় সংক্রান্ত — শব্দ।

৫। পদার্থের কোন অবস্থার প্রসারণ সবথেকে বেশি — গ্যাস।

৬। একটি নারকেল গাছের নারকেল ও পৃথিবীর মধ্যেকার বল হল — অভিকর্ষ বল।

৭। বিবর্ধক কাঁচে কোন ধরনের লেন্স ব্যবহার করা হয় — উত্তল।

৮। নাইট্রোজেন ডাই অক্সাইডের ধোঁয়ার রং — বাদামি।

৯। পূর্ণতাপ্রাপ্ত ফাইলেরিয়া কীট মানবদেহের কোন অংশে অবস্থান করে — লসিকা নালী।

১০। কীসের বেগ মাপার জন্য নটিক্যাল মাইল প্রতি ঘন্টা ব্যবহার করা হয় — জাহাজ।

## ইতিহাস

১১। কোন অধিবেশনে 'অল ইন্ডিয়া মুসলিম লিগ' ১৯৪০ সালের ২৩ মার্চ পাক-ই-স্তান প্রস্তাব পাস করে — লাহোর।

১২। কাকে 'স্থানীয় স্বশাসনের জনক' বলা



হয় — লর্ড রিপন।

১৩। 'হিন্দু মহাসভা' কত সালে প্রতিষ্ঠিত হয় — ১৯১৫ (মদন মোহন মালব্য এটির প্রতিষ্ঠা করেন)।

১৪। 'জয় হিন্দ' সম্ভাষণটি কোন বিখ্যাত ব্যক্তিদের মাধ্যমে শুরু হয়েছিল — সুভাষ চন্দ্র বসু।

১৫। মাসুলিপতনমে, ফরাসি কারখানা কোন সালে স্থাপিত হয় — ১৬৬৯।

১৬। কোন রাজত্বকাল মথুরা শিল্পকলার স্বর্ণযুগ বলে পরিচিত ছিল — কুষাণ।

১৭। গৌতম বুদ্ধের মা 'মহামায়া' কোন গোত্রের ছিলেন — কোলিয়া।

১৮। কোন বেদের পুরোহিত ব্রহ্মা — অথর্ব বেদ।

১৯। ভারতে প্রথম কোন শাসক খাঁটি আরবি মুদ্রা জারি করেছিলেন — ইলতুৎমিস।

২০। কোন মোগল সম্রাটকে সৈয়দ ভাইরা হত্যা করেছিলেন — ফাররুকশিয়র।

## ভূগোল

২১। 'প্লুটো'র নতুন নাম — ১৩৪৩৪০।

২২। অ্যান্টার্কটিকার বৃহত্তম দ্বীপ কোনটি — আলেকজান্ডার দ্বীপ।

২৩। ভারত, চিন ও নেপাল সীমান্তের ত্রি-সংযোগস্থলে কোন পাসটি অবস্থিত — লিপু লেখ পাস।

২৪। কোন দেশটি আন্দামান দ্বীপপুঞ্জের সবথেকে কাছাকাছি অবস্থিত — মায়ানমার।

২৫। ভারত কোন দেশের সঙ্গে তার সর্বনিম্ন আন্তর্জাতিক সীমানা ভাগ করে — আফগান-ই-স্তান।

২৬। ভারতে লিগনাইটের বৃহত্তম উৎপাদক হল — তামিলনাড়ু।

২৭। আন্দামান ও নিকোবর দ্বীপের সবথেকে বেশি কথ্য ভাষা কোনটি — বাংলা।

২৮। 'মালনাদ' শব্দের অর্থ — পাহাড়ি দেশ।

২৯। শীতকালে মূলত কোন মেঘে বৃষ্টিপাত হয় — স্ট্র্যাটোকিউমুলাস।

৩০। 'দারিংবাড়ি' ভারতের কোন রাজ্যের বিখ্যাত পার্বত্য শহর — ওড়িশা।

## অর্থনীতি

৩১। এবছর 'হারুন রিসার্চ ইনস্টিটিউট'এর তরফ থেকে প্রকাশিত 'গ্লোবাল ইউনিকর্ন ইনডেক্স' অনুযায়ী ভারতের স্থান কত — তৃতীয় (এবছরের হিসাব অনুযায়ী, ভারতে মোট ৬৭টি ইউনিকর্ন কোম্পানি আছে)।

৩২। কোন সংস্থার চিফ এক্সিকিউটিভ অফিসারের পদ থেকে পদত্যাগ করলেন সুরিন্দর চাওলা — পেটিএম পেমেন্টস ব্যাঙ্ক।

৩৩। লাক্ষাদ্বীপে শাখা খোলা প্রথম বেসরকারি ব্যাঙ্ক কোনটি — এইচডিএফসি ব্যাঙ্ক।

৩৪। ২০২৫ আর্থিক বছরে কত মিলিয়ন টন কয়লা উৎপাদন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে কেন্দ্রীয় সরকার — ১৭০ মিলিয়ন টন।

৩৫। প্রথম বহুজাতিক গাড়ি প্রস্তুতকারক কোম্পানি হিসাবে, ভারত থেকে বৈদ্যুতিক যানবাহন রফতানি করতে চলেছে কারা — ফরাসি অটোমোবাইল সংস্থা 'সিট্রোয়েন'।

৩৬। বিশ্বের কত বৃহত্তম রুপো উৎপাদক সংস্থা হল 'হিন্দুস্তান জিঙ্ক' — তৃতীয়।

## সাম্প্রতিক ঘটনা

৩৭। বিশ্বের প্রথম ব্যক্তি হিসাবে, পৃথিবীর সবথেকে দূরবর্তী অবস্থান পয়েন্ট নিমোতে সাঁতার কেটে ইতিহাস গড়লেন কে — ব্রিটিশ অভিযাত্রী ক্রিস ব্রাউন।

৩৮। 'ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি'র ডিরেক্টর জেনারেল হিসাবে



নিযুক্ত হলেন কে — সদানন্দ বসন্ত দাতে।

৩৯। উত্তর প্রদেশের স্বরাষ্ট্রসচিব হিসাবে নিযুক্ত হলেন কে — দীপক কুমার।

৪০। সীমান্ত এলাকায় নজরদারির জন্য, 'ত্রিশূল' নামে বিশেষ ড্রোন চালু করল কোন সংস্থা — গরুর অ্যারোস্পেস।

৪১। ব্যাটারি ব্র্যান্ড 'এভারেডি'র প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন কে — নীরজ চোপড়া।

৪২। 'ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন'এর ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — হর্ষ মিশ্র।

৪৩। এবছর 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতায় প্রথমবার কোন দেশের হয়ে অংশ নিচ্ছেন রুমি আলকাহতানি — সৌদি আরব।

৪৪। সেনেগালের প্রেসিডেন্ট এখন কে — বাসিরু দিওমায়ে ফায়ে।

৪৫। নির্বাচন বিধি লঙ্ঘন সংক্রান্ত রিপোর্ট জানাতে কোন অ্যাপ চালু করল কেন্দ্রীয় নির্বাচন কমিশন — সি-ভিজিল।

৪৬। ভারতের প্রথম ত্রি-পরিষেবা সাধারণ প্রতিরক্ষা স্টেশন হতে চলেছে কোন শহর — মুম্বই।

৪৭। এশিয়ার বিলিওনেয়রদের রাজধানী শহর কোনটি — মুম্বই (মুম্বইয়ে বিলিওনেয়র ব্যক্তির সংখ্যা ৯২)।

৪৮। 'ব্যুরো অফ পুলিশ রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট'এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — রাজীব কুমার শর্মা।

৪৯। 'বিশ্ব থিয়েটার দিবস' কবে পালিত হয় — ২৭ মার্চ।

৫০। পর্তুগালের প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন কে — লুইস মন্টেনেগ্রো।

৫১। মায়ানমারে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — অভয় ঠাকুর।

৫২। 'Witches Broom' নামে কোন ফসলের নতুন রোগ আবিষ্কার করলেন 'চৌধুরি চরণ সিং হরিয়ানা কৃষি বিশ্ববিদ্যালয়'এর বিজ্ঞানীরা — মটর।

৫৩। কিউবা প্রজাতন্ত্রে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — টি.আর্মস্ট্রং চ্যাংসান।

৫৪। ভারতের কোন রাজ্যে কল্যাণ চালুক্য রাজবংশের একটি ৯০০ বছরের পুরনো কন্নড় শিলালিপি পাওয়া গেছে — তেলেঙ্গানা।

৫৫। বিশ্বের প্রথম 'ওম' আকৃতির মন্দিরের উদ্বোধন হল কোন রাজ্যে — রাজস্থান।

৫৬। মালবাহী জাহাজের ধাক্কায় ভেঙে গেল কোন দেশের 'ফ্রান্সিস স্কট কি' সেতু — মার্কিন যুক্তরাষ্ট্র।

৫৭। শিশুদের সোশ্যাল মিডিয়া ব্যবহারের ওপর নিষেধাজ্ঞা জারি করছে মার্কিন যুক্তরাষ্ট্রের কোন রাজ্য — ফ্লোরিডা।

৫৮। 'আন্তর্জাতিক শ্রম সংস্থা'র রিপোর্ট অনুযায়ী, এখন ভারতে বেকার যুব সম্প্রদায়ের সংখ্যা কত — ৮৩%।

৫৯। এবছর সম্মানজনক 'টাইমস পাওয়ার আইকন পুরস্কার' পেলেন কে — বিজয় জৈন।

৬০। দুবাইয়ের 'মাদাম তুসো জাদুঘর'এ সম্প্রতি কোন অভিনেতার মূর্তি বসল — আল্লু অর্জুন।

৬১। বিশ্বের প্রথম দেশ হিসাবে, চুলের কারণে মানুষের মধ্যে বৈষম্য রুখতে বিল পাস করল কারা — ফ্রান্স।

৬২। গাম্বিয়ায়, ভারতের হাই কমিশনার হিসাবে নিযুক্ত হলেন কে — ডিক্সর আস্থানা।

৬৩। ২০২৪-'২৫ সালের জন্য, এফআই সিসিআই লেডিস অর্গানাইজেশন'এর প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন কে — জয়শ্রী দাস ভার্মা।

৬৪। 'জাতীয় সমুদ্র দিবস' কবে পালিত হয় — ৫ এপ্রিল।

৬৫। কোথায় ক্যান্সার চিকিৎসার জন্য ভারতের প্রথম দেশীয় প্রযুক্তিতে তৈরি জিন থেরাপি চালু করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু — আইআইটি বোম্বে।

৬৬। মিশরের প্রেসিডেন্ট এখন কে — আব্দেল ফাত্তাহ আল-সিসি।

৬৭। ভোট দানের ব্যাপারে যুব সম্প্রদায়কে উদ্বুদ্ধ করতে, কাকে নিযুক্ত করল নির্বাচন কমিশন — আয়ুষ্মান খুরানা।

৬৮। 'ন্যাশনাল ফেম পুরস্কার'এ 'ডিস্টিঙ্গুইশড ওভারসিজ ডেন্টাল স্পেশালিস্ট' (অর্থোডন্টিক্স ও অরোফেসিয়াল পেইন) উপাধিতে ভূষিত হলেন কে — ড.কার্তিক কোম্মুরি।

৬৯। সম্প্রতি প্রয়াত বিশ্বেশ্বরা রাও (৬৪ বছর) কোন ভাষার অভিনেতা ছিলেন — তামিল।

৭০। কোন দেশ তাদের প্রথম বাণিজ্যিক অপরিশোধিত তেল কৌশলগত সঞ্চয়স্থান তৈরি করার সিদ্ধান্ত নিল — ভারত।

৭১। 'ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স ফোর্স'এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — পীযূষ আনন্দ।

৭২। মলদ্বীপের পর এবার 'ইন্ডিয়া আউট' ক্যাম্পেন চলতে দেখা গেল কোন দেশে — বাংলাদেশ।

৭৩। এবছর 'অ্যাবেল পুরস্কার'এর জন্য মনোনীত হলেন কে — ফরাসি গণিতবিদ মিশেল তালাগ্র্যান্ড (সম্ভাব্যতা



তত্ত্বে গবেষণার স্বীকৃতি হিসাবে তাঁকে এই পুরস্কার দেওয়া হচ্ছে)।

৭৪। 'হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড'এ তৈরি তেজস এমকে-১এ সিরিজের যুদ্ধবিমানের প্রথম উড়ান সফল হল কোথায় — বেঙ্গালউরু।

৭৫। বিশ্বের প্রথম পারমাণবিক শক্তি শীর্ষ সম্মেলন কোথায় হয়েছে — বেলজিয়ামের রাজধানী শহর ব্রাসেলস।

৭৬। লোকপালের নতুন জুডিশিয়াল মেম্বার হিসাবে নিযুক্ত হলেন কে — ঋতু রাজ অবস্থি।

৭৭। সম্প্রতি প্রয়াত গুরুলিঙ্গ কাপসে (৯৬ বছর) কে ছিলেন — লেখক।

৭৮। রাষ্ট্রসঙ্ঘ নারী অধিকার ও লিঙ্গ সমতা বিষয়ক ফোরামের সভাপতিত্ব করবে কোন দেশ — সৌদি আরব।

৭৯। 'বিশ্ব কবাডি দিবস' উপলক্ষ্যে ১২৮ জন খেলোয়াড়ের অংশগ্রহণে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ে ইতিহাস তৈরি করল কোন দেশ — ভারত।

৮০। কোন দুই দেশের সংস্কৃত পণ্ডিতরা সংস্কৃত ভাষার গবেষণা ও শিক্ষার উন্নয়নে যৌথভাবে কাজ করতে সম্মত হয়েছেন — ভারত ও নেপাল।

৮১। কোথায় বারসানা বায়োগ্যাস প্ল্যান্টের প্রথম ধাপ চালু করেছে 'আদানি টোটাল এনার্জি বায়োমাস লিমিটেড' — উত্তর প্রদেশ।

৮২। দেশের মধ্যে সবথেকে বেশি জিআই ট্যাগ প্রাপ্ত রাজ্যের তালিকায় শীর্ষ স্থান পেল কোন রাজ্য — উত্তর প্রদেশ।

৮৩। 'জওহরলাল নেহরু ইউনিভার্সিটি' টিচার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন কে — মৌসুমী বসু।

৮৪। এবছর 'আন্তর্জাতিক সংস্কৃতি পুরস্কার' পেলেন কে — মীনা চরণদা। (শিক্ষা ও সমাজসেবায় অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে)।

৮৫। ২০২৩ সালের জন্য, 'এক্সচেঞ্জ4মিডিয়া নিউজ ব্রডকাস্টিং পুরস্কার'এ 'জীবনকৃতি সম্মান' পেলেন কে — বিনীত জৈন।

৮৬। আফ্রিকান দেশ ডেমোক্রেটিক রিপাব্লিক অফ কঙ্গো'র প্রথম মহিলা প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন কে — জুডিথ সুমিনওয়া তুলুকা।

৮৭। ২০২৩-'২৪ আর্থিক বছরে ভারতের শীর্ষ কার্গো-হ্যান্ডলিং প্রধান বন্দরে পরিণত হল কোন বন্দর — ওড়িশার পারাদ্বীপ বন্দর।

## খেলাধূলা

৮৮। 'বাহরিন গ্র্যাঁ প্রি' জিতলেন কে — ম্যাক্স ভারস্তাপেন।

৮৯। লাল বলের ক্রিকেট থেকে অবসরের সিদ্ধান্ত ঘোষণা করা ম্যাথিউ ওয়েড কোন দেশের খেলোয়াড় — অস্ট্রেলিয়া।

৯০। 'সৌদি আরবিয়ান ফর্মুলা ওয়ান গ্র্যাঁ প্রি' জিতলেন কে — ম্যাক্স ভারস্তাপেন।

৯১। এবছর 'রঞ্জি ট্রফি' জিতল কোন দল — মুম্বই (বিদর্ভকে ১৬৯ রানে হারিয়ে)।

৯২। মহিলাদের আইপিএল'এ প্রথম ক্রিকেটার হিসাবে ৬টি উইকেট নিলেন কে — রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরু'র এলিজে পেরি।

৯৩। সম্প্রতি অবসর ঘোষণা করা আইসিসি'র আম্পায়ার তালিকায় এলিট প্যানেলের অংশ মারাইস ইরাসমাস কোন দেশের খেলোয়াড় — দক্ষিণ আফ্রিকা।

৯৪। এবছর 'বিএনপি প্যারিবাস ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন কে — স্প্যানিশ টেনিস তারকা কার্লোস আলকারাজ (রাশিয়ান টেনিস তারকা ড্যানিল মেদভেদেভ'কে ৭-৬ (৭-৫) ও ৬-১ ব্যবধানে হারিয়ে)।

৯৫। নিউজিল্যান্ডের সর্বকনিষ্ঠ ক্রিকেটার হিসাবে, 'স্যার রিচার্ড হ্যাডলি পদক' পেলেন কে — ২৪ বছর বয়সি রাচিন রবীন্দ্র।

৯৬। এবছর 'উইমেন্স প্রিমিয়ার লিগ'এ চ্যাম্পিয়ন হল কোন দল — রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরু (দিল্লি ক্যাপিটালস'কে ৮ উইকেটে হারিয়ে)।

৯৭। ভারতীয় নির্বাচন কমিশনারের মাধ্যমে বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের



জন্য 'জাতীয় আইকন' হিসাবে ঘোষিত হলেন কোন ক্রীড়াবিদ — প্যারা তিরন্দাজ শীতল দেবী।

৯৮। এই প্রথমবার 'ফর্মুলা ৪ কার রেসিং ইভেন্ট' আয়োজন করল কোন শহর — শ্রীনগর।

৯৯। এবছর তৃতীয় 'নর্থ ইস্ট গেমস' কোথায় হয়েছে — নাগাল্যান্ড।

১০০। 'বিলিয়ার্ডস হল অফ ফেম'এ অন্তর্ভুক্ত হলেন কোন ভারতীয় খেলোয়াড় — পঙ্কজ আদভানি।

১০১। নয়া দিল্লিতে পঞ্চম 'ওএনজিসি প্যারা গেমস'এর উদ্বোধন করেছেন কে — হরদীপ সিং পুরী।

১০২। এবছর আসন্ন 'প্যারিস অলিম্পিক'এর জন্য ভারতের পতাকাবাহক হবেন কে — টেবল টেনিস তারকা শরৎ কমল।

১০৩। 'ডব্লুটিটি ফিডার বেইরুট' টেবল টেনিসে পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন কে — ভারতের সাথিয়ান জ্ঞানশেখরন।

সঙ্কলক : পলি দেওয়ান

## কয়েকশো লেকচারার

১ পাতার পর

জুনিয়র রিসার্চ ফেলোশিপের পরীক্ষার বেলায় বয়স হতে হবে ১-৬-২০২৪'র হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী ও মেয়েরা বয়সে ৫ বছর ছাড় পাবেন। তবে লেকচারারশিপ / অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য বয়সের কোনো কড়াকড়ি নেই। এই পরীক্ষায় পাশ করলে সরাসরি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য আবেদন করতে পারবেন বা, মাসিক স্টাইপেন্ড নিয়ে জুনিয়র রিসার্চ ফেলোশিপ নিয়ে পড়াশোনা চালাতে পারবেন। জুনিয়র রিসার্চ ফেলোশিপের বেলায় প্রথম ২ বছর স্টাইপেন্ড পাবেন মাসে ৩১,০০০ টাকা। এছাড়াও বার্ষিক অনুদান পাবেন ২০,০০০ টাকা। ২ বছর পর পিএইচ.ডি. হিসাবে নাম নথিভুক্ত করে থাকলে তখন সিনিয়র রিসার্চ ফেলোশিপ হিসাবে মাসে ৩৫,০০০ টাকা স্টাইপেন্ড পাবেন।

ফেলোশিপের জন্য যাঁরা এই পরীক্ষায় পাশ করবেন, তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের যোগ্যতা পাবেন। আর অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের পরীক্ষায় পাশ করলে জুনিয়র ফেলোশিপের যোগ্যতা পাবেন।

প্রার্থী বাছাই করবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন.টি.এ.)'। ২০২৪ সালের এই 'নেট' পরীক্ষা হবে সি.বি.টি. মোডে। দু'টি ধাপে পরীক্ষা হবে ২৫, ২৬ ও ২৭ জুন। প্রথম শিফটের পরীক্ষা হবে ৯টা থেকে ১২টা ও দ্বিতীয় শিফটের পরীক্ষা হবে ৩টা থেকে ৬টা। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, কল্যাণী, হাওড়া, হুগলি, দুর্গাপুর, বর্ধমান, আসানসোল, গুয়াহাটি, জামশেদপুর ও ভুবনেশ্বরে।

এই পরীক্ষায় থাকবে ৩টি পার্ট। ৩ ঘন্টার ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্রাকেটে সাবজেক্ট কোড দেওয়া হল) : (১) কেমিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০১), (২) আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্স (সাবজেক্ট কোড ৭০২), (৩) লাইফ সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৩), (৪) ম্যাথমেটিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৪), (৫) ফিজিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৫)।

প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দি ভাষায়। প্রশ্নপত্র হবে ৩টি পার্টে। পার্ট-এ'তে থাকবে এইসব বিষয় : জেনারেল অ্যাপ্টিটিউড, লজিক্যাল রিজনিং, গ্রাফিক্যাল অ্যানালাইসিস, অ্যানালিটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ কম্পারিজন, সিরিজ ফর্মেশন, পাজল ইত্যাদি। পার্ট-বি'তে থাকবে বিষয়ভিত্তিক মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। পার্ট-সি'তে থাকবে সায়েন্টিফিক কনসেপ্ট বিষয়ের জ্ঞান ও প্রয়োগ।

প্রথম ও দ্বিতীয় পার্টে প্রতিটি প্রশ্নের মান থাকবে ২ নম্বর আর তৃতীয় পার্টে প্রতিটি প্রশ্নের মান থাকবে ৪ নম্বর। প্রথম ও দ্বিতীয় পার্টে প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ০.৫ নম্বর কাটা যাবে। তৃতীয় পার্টে প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে।

কেমিক্যাল সায়েন্সের বেলায় প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৪০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৬০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১২০টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্সের বেলায় প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৮০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১৫০টি প্রশ্নের মধ্যে৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

লাইফ সায়েন্সের বেলায় প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে৭৫টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১৪৫টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

ম্যাথমেটিক্যাল সায়েন্সের বেলায় প্রথম পার্টে২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৪০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি, তৃতীয় পার্টে ৬০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি অর্থাৎ, মোট ১২০টি প্রশ্নের মধ্যে ৬০টি প্রশ্নের উত্তর দিতে হবে।

ফিজিক্যাল সায়েন্সের বেলায় প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ২৫টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি, তৃতীয় পার্টে ৩০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি অর্থাৎ, মোট ৭৫টি প্রশ্নের মধ্যে ৫৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.csimet.nta.ac.in, www.nta.ac.in অনলাইনে দরখাস্ত করার আগে পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ২০০ কেবির মধ্যে) ও সিগনেচার (৪ থেকে ৩০ কেবির মধ্যে) 'JPEG Format'এ স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন নম্বর নোট করে নেবেন। এবার স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৫০ (ই.ডব্লু.এস. আর ও.বি.সি.'দের বেলায় ৬০০, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও তৃতীয় লিঙ্গের বেলায় ৩২৫) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইউ.পি.আই. বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন, ২৩ মে'র মধ্যে। প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ফর্মে ভুল হয়ে থাকলে অনলাইনে সংশোধন করতে পারবেন ২৫ মে থেকে ২৭ মে'র মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## নেভিতে কয়েকশো অগ্নিবীর

১ পাতার পর

পেয়ে থাকলেও যোগ্য।

জন্ম-তারিখ হতে হবে ১-১১-২০০৩ থেকে ৩০-৪-২০০৭'এর মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/১২, ৬/১২ যা ৬/৬, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি প্রসারণক্ষম আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫২ সেমি। এছাড়া রং চেনার ক্ষমতা CP II থাকতে হবে। শুরুতে বেসিক ট্রেনিং হবে নভেম্বর মাস নাগাদ, আই.এন.এস. চিল্কায়। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, রাত কানা বা, অন্য কোনো শারীরিক রোগ থাকলে যোগ্য নন।

মোট ৪ বছরের চাকরি। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন। প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড 'ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্ট (INET)' হবে। এই পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে এই ৪টি পার্টে : ইংরিজি, অঙ্ক, বিজ্ঞান, জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। সময় থাকবে ৬০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। সফল হলে এরপর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে। তখন শারীরিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় সাড়ে ৬ মিনিটে ১.৬ কিমি দৌড়, ২০ বার ওঠ-বোস, ১৫ বার পুশ-আপ ও ১৫ বার হাঁটু ভেঙে সিট আপ। মেয়েদের বেলায় ৮ মিনিটে ১.৬ কিমি দৌড়, ১৫ বার ওঠ-বোস, ১০ বার পুশ-আপ ও ১০ বার হাঁটু ভেঙে সিট আপ। এরপর ডাক্তারি পরীক্ষা হবে আই.এন.এস. চিল্কায়। ৩-৪ দিন থাকার প্রস্তুতি নিয়ে যাবেন। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://agniveernavy.cdac.in ট্রেনিং শুরু নভেম্বরে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ মে থেকে ২৭ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://agniveernavy.cdac.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৫০ টাকা অনলাইনে জমা দেবেন (জি.এস.টি. চার্জ আলাদা)। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# উঃ মাধ্যমিক পাশ? এবার দরকার চাকরি! একমাত্র নার্সিং কোর্সেই সম্ভব

নিজস্ব সংবাদদাতা, বালিগঞ্জ : সম্প্রতি কেন্দ্রীয় সরকারের মানবসম্পদ উন্নয়ণ দফতরের একটি সার্ভে রিপোর্টে জানা গেছে, আগামী ২ বছরে দেশ জুড়ে যেখানে সবচেয়ে বেশি নিয়োগ হবে সেটি হল নার্সিং ও প্যারামেডিক্যাল সেক্টরে। সম্ভাব্য শূন্যপদের সংখ্যা প্রায় কয়েক লক্ষ। মাধ্যমিক / উচ্চ মাধ্যমিক পাশ করার পর নার্সিং বা প্যারামেডিক পেশা যাঁরা নিতে চান তাঁদের শিক্ষা প্রতিষ্ঠান বাছার সময় এইসব প্যারামিটার অবশ্যই মাথায় রাখতে হবে : (১) কলেজের প্লেসমেন্ট সেল, (২) প্র্যাক্টিক্যালের বেশি সময়, (৩) ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং, (৪) উন্নত মানের ফ্যাকাল্টি, (৫) রাজ্য / কেন্দ্রীয় সরকার অনুমোদিত কোর্স, ইত্যাদি।'

উপরোক্ত সবকটি ব্যাপার মাথায় রেখেই একথা নিসন্দেহে বলা যায় যে, বালিগঞ্জের Apollo Care Institute-এ নার্সিং বা প্যারামেডিক্যাল কোর্স পড়ানোর ক্ষেত্রে অনেক দিক থেকে এগিয়ে আছে। কলেজেরে অ্যাডমিশন ডিপার্টমেন্ট থেকে জানানো হয়েছে এখানে ভরতি চলছে মূলত এই ৩ বিষয়ে : (১) উচ্চমাধ্যমিক পাশেদের জন্য ৩ বছরের জিএনএম কোর্স (ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল-INC অনুমোদিত), (২) মাধ্যমিক পাশ ছেলেমেয়েদের জন্য ২ বছরের বিএসএস প্র্যাক্টিক্যাল নার্সিং (ভারত সরকার অনুমোদিত) ও (৩) উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীদের জন্য ২ বছরের প্যারামেডিক্যাল কোর্স (ভারত সরকার অনুমোদিত)। কেন এই প্রতিষ্ঠানটি এখন রাজ্যের মধ্যে অন্যতম সেরা, তার ব্যাখা দিতে গিয়ে সংস্থার প্রিন্সিপ্যাল জানালেন যে, ' আমাদের প্রতিষ্ঠানে যেকোনো ছেলেমেয়ে একবার ভরতি হলে, তার কেরিয়ার তৈরি করার সম্পূর্ণ দায়িত্ব আমাদের, অর্থাৎ এখানে কোর্স শেষে চাকরি সে পাবেই। ফলে ছেলেমেয়েদের ট্রেনিং যেমন উচ্চ পর্যায়ের হয় তেমন তাদের গ্রুমিংও হয় ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড- যা চাকরির ইন্টারভিউ ক্র্যাক করতে বিশেষভাবে সহায়ক হয়।' এছাড়াও জানালেন, 'এই প্রতিষ্ঠানের ল্যাবে ইনস্ট্রুমেন্টের ব্যবহারিক প্রয়োগ এমনভাবে যত্ন নিয়ে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা যেকোনো নামিদামি হাসপাতাল / নার্সিংহোমে সহজেই চাকরি পায়।' মাধ্যমিক / উচ্চমাধ্যমিক পাশ করার পর কি বিষয় নিয়ে পড়লে, সুনিশ্চিত চাকরি পাওয়া যাবে তা জানার জন্য সরাসরি ফোনের মাধ্যমে এখনই যোগাযোগ করতে হবে এই নম্বরে : ৯৬৭৪৩ ০৭৯২৮, ৯৮৩১৭ ৮৯৫৩৬ অথবা সরাসরি কলেজ ক্যাম্পাসের অফিসে : Apollo Care Institute, ২০/১, বালিগঞ্জ স্টেশন রোড, কলকাতা - ৭০০ ০১৯।

## নৌবাহিনীতে নাবিক

১ পাতার পর

৬/৬, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। এছাড়া রং চেনার ক্ষমতা CPII থাকতে হবে। শুরুতে বেসিক ট্রেনিং হবে নভেম্বর মাস নাগাদ, ওড়িশার খুরদার আই.এন.এস. চিল্কায়। তারপর নির্দিষ্ট ট্রেডে নৌবাহিনীতে পেশাদারি ট্রেনিং। মোট ৪ বছরের চাকরি। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন। প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় পাবেন। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড 'ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্ট (INET)' হবে। এই পরীক্ষায় ৫০টি প্রশ্ন হবে এই দু'টি পার্টে : সায়েন্স অ্যান্ড অঙ্ক, জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। সময় থাকবে ৩০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

এরপর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা। এই পরীক্ষায় শারীরিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় সাড়ে ৬ মিনিটে ১.৬ কিমি দৌড়, ২০ বার ওঠ-বোস, ১৫ বার পুশ-আপ ও ১৫ বার হাঁটু ভেঙে সিট আপ। মেয়েদের বেলায় ৮ মিনিটে ১.৬ কিমি দৌড়, ১৫ বার ওঠ-বোস, ১০ বার পুশ-আপ ও ১০ বার হাঁটু ভেঙে সিট আপ। এরপর ডাক্তারি পরীক্ষা হবে আই.এন.এস. চিল্কায়। ৩-৪ দিন থাকার প্রস্তুতি নিয়ে যাবেন। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://agniveernavy.cdac.in ট্রেনিং শুরু নভেম্বরে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ মে থেকে ২৭ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://agniveernavy.cdac.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৫০ টাকা অনলাইনে জমা দেবেন (জি.এস.টি. চার্জ আলাদা)। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পি.এস.সি.'র

■ *ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার (আই.ডি.ও.) পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এবছর কি বেরোবে? — অর্ণব দাস, কালিকাপুর উত্তর পাড়া, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার পদের বিজ্ঞপ্তি প্রতি বছর বেরোয় না। শূন্যপদ তৈরি হলে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেয়।

■ *২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? — অদিতি রায় বর্মন, আলিপুরদুয়ার।*

■■ বিজ্ঞপ্তি বেরোবে জুলাই নাগাদ।

■ *ফুডের সাব-ইন্সপেক্টর পদের যে পরীক্ষা ১৬ ও ১৭ মার্চ হল, সেই পরীক্ষার প্রশ্ন ফাঁসের অভিযোগ উঠেছে। এই পরীক্ষা কি বাতিল হবে? — পৌলমী দাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ এই পরীক্ষার প্রশ্ন ফাঁস হওয়ার অভিযোগে বিভিন্ন থানায় প্রায় ৬০টি এফ.আই.আর. হয়। কলকাতা হাই কোর্টের বিচারপতি রাজশেখর মান্থা ২৩ এপ্রিল রাজ্যের সি.আই.ডি.-কে প্রশ্ন ফাঁস হওয়ার অভিযোগের সত্যতা যাচাইয়ের জন্য তদন্তের নির্দেশ দিয়েছেন। সি.আই.ডি.'র রিপোর্ট আর আদালতের রায়ের ওপর নির্ভর করছে, এই পরীক্ষা বাতিল হবে কিনা।

## সেনাবাহিনীর

■ *অগ্নিবীর পদের যে পরীক্ষা চলছে, তার ফল কবে বেরোতে পারে? লিখিত পরীক্ষায় পাশ করার কতদিন পর মাঠ পরীক্ষার জন্য ডাকা হয়? — সুদীপ্ত মুর্মু, ধনিয়াখালি, হুগলি।*

■■ অগ্নিবীর পদের পরীক্ষা হওয়ার মাস দু'য়েকের মধ্যে সাধারণত ফল বেরোয়। তারপর ১ মাসের মধ্যে মাঠ পরীক্ষা হয়।

## পঞ্চায়েতে চাকরির

■ *বেসরকারি সংস্থা থেকে কম্পিউটারের ১ বছরের কোর্স করেছি। এই সার্টিফিকেট দিয়ে পঞ্চায়েতে দরখাস্ত করতে পারব কি? — সুদীপ ঘোষ, পটাশপুর, পূর্ব মেদিনীপুর। প্রবীর মণ্ডল, রূপদহ, নদিয়া। তনু কোটাল, পিড়াকাটা, পশ্চিম মেদিনীপুর। শচীন দন্ডপাট, বেলাটিকরী, ঝাড়গ্রাম।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *পঞ্চায়েত সেক্রেটারি পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? — গণেশ ঘোষ, বহরমপুর, মুর্শিদাবাদ।*

■■ উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটারের (এম.এস. ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট-সহ) ৬ মাসের ট্রেনিং নিয়ে থাকলে ভালো হয়। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে।

## স্কুল সার্ভিসের

■ *ডিগ্রি কোর্সে ৫০% নম্বর নেই। ডি.এল.এড. করা আছে। আপার প্রাইমারির জন্য যোগ্য কি? — অরিন্দম গোস্বামী, ময়নাগুড়ি, জলপাইগুড়ি।*

■■ না, যোগ্য নন।

■ *এবছর সাঁওতাড় মাধ্যমের স্কুলে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে কি? — পল্লবী টুডু, বাবলাঘুটু, কেশপুর, পশ্চিম মেদিনীপুর।*

■■ আপাতত কোনো খবর নেই।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশের কনস্টেবল পদের লিখিত পরীক্ষা কবে হবে? — প্রদীপ সরকার, ধুবুলিয়া, নদিয়া। বিকাশ ঘোষ, পাইওনীয়ার পার্ক, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। তবে জুলাই-আগস্টে হওয়ার সম্ভাবনা আছে।

■ *সিভিক ভলান্টিয়ার। বয়স ৩৬ বছর। পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদে দরখাস্ত করেছি। সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় অসুবিধা হবে কি? — মনোরঞ্জন বিশ্বাস, রায়পুর, চম্পাহাটি, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ সিভিক ভলান্টিয়াররা বয়সে ৫ বছর ছাড় পাবেন। অর্থাৎ, বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। সেক্ষেত্রে ৩৬ বছর বয়স হলে যোগ্য নন।

■ *এবছর কি সিভিক ভলান্টিয়ার নিয়োগ করা হবে? — অনন্ত বর্মন, কল্যাণী, নদিয়া।*

■■ হ্যাঁ, নিয়োগ করা হবে।

## কোর্স ও ট্রেনিং

■ *রেগুলার কলেজ থেকে বি.এড. কোর্স আর ডিস্ট্যান্সে এম.এ. একই সঙ্গে করলে দু'টি সেশনের জন্য যোগ্য কি? দু'টি সার্টিফিকেট বৈধ হবে কি? — আদর্শ মহাল, উলুবেড়িয়া, হাওড়া।*

■■ হ্যাঁ, একটি রেগুলার ও অন্যটি ডিস্ট্যান্সে করলে দু'টি সার্টিফিকেটই বৈধ হবে।

■ *২০১৩ সালে মাধ্যমিক পাশ করেছি। এখন রবীন্দ্র মুক্ত বিদ্যালয় কিংবা জাতীয় মুক্ত বিদ্যালয় থেকে বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিকে ভরতি হতে পারব কি? সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ করার পর ফার্মাসি কোর্স করতে পারব কি? — প্রবীর বিশ্বাস, চাকদহ, নদিয়া।*

■■ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক কোর্সে ভরতি হতে পারবেন। সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ হলে ফার্মাসি কোর্স করতে পারবেন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| রেলওয়ে প্রোটেকশন ফোর্সে সাব-ইন্সপেক্টর | গ্র্যাজুয়েট পাশ | ৪৫২ | ১৪-৫-২৪ | সংশ্লিষ্ট রেল রিক্রুট. বোর্ডের ওয়েবসাইট |
| পলিটেকনিকের ডিপ্লোমা কোর্সে ভরতি শুরু | মাধ্যমিক পাশ | - | ১৫-৫-২৪ | https://scvtwb.in |
| আই.টি.আই কোর্সে ভরতি | মাধ্যমিক | - | ১৫-৫-২৪ | https://scvtwb.in |
| সেনাবাহিনীতে টেকনিক্যাল অফিসার | গ্র্যাজুয়েট | ৩০ | ৯-৫-২৪ | www.joinindianarmy.nic.in |
| পশ্চিমবঙ্গ পুলিশে রাইফেলম্যান | মাধ্যমিক পাশ | ৪০০ | - | www.policewb.gov.in |
| রেলওয়ে প্রোটেকশন ফোর্সে কনস্টেবল | মাধ্যমিক পাশ | ৪,২০৮ | ১৪-৫-২৪ | সংশ্লিষ্ট রেল রিক্রুট. বোর্ডের ওয়েবসাইট |
| রাজ্যে ফিশারি অফিসার | গ্র্যাজুয়েট | ৮১ | ১৩-৫-২৪ | https://pscwb.gov.in |
| ইউ.জি.সি.'র 'নেট' পরীক্ষার মাধ্যমে লেকচারার | পোস্ট-গ্র্যাজুয়েট | - | ১০-৫-২৪ | https://ugcnet.nta.nic.in |
| ন্যাভাল ডকইয়ার্ডে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, ITI | ৩০১ | ১০-৫-২৪ | https://registration.ind.in |
| কালিম্পং জেলা ও সেশন জাজেস কোর্টে ক্লার্ক, পিওন | মাধ্যমিক, এইট পাশ | ৩৭ | ১৭-৫-২৪ | www.kalimpongcourtrecruit2024.in |
| UPSC-র CPF পরীক্ষার মাধ্যমে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট | গ্র্যাজুয়েট | ৫০৬ | ১৪-৫-২৪ | www.upsconline.nic.in |
| SSC-মাল্টিটাস্কিং স্টাফ পরীক্ষার মাধ্যমে ক্লার্ক | মাধ্যমিক | - | ৬-৬-২৪ | www.ssc.nic.in |

## রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি ও অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের সিলেবাস জানাবেন। — অর্ক নন্দী, ধনিয়াখালি, হুগলি।*

■■ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-।) হবে। তাতে সফল হলে দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-।।) হবে। এরপর কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্ট (সি.বি.এ.টি.) হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে।

প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় ৭৫ নম্বরের ৭৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) অঙ্ক, (২) মেন্টাল এবিলিটি, (৩) জেনারেল সায়েন্স, (৪) জেনারেল অ্যাওয়ারনেস। সময় থাকবে ১ ঘন্টা। প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায়। নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে এই দু'টি পার্ট : পার্ট-এ ও পার্ট-বি। পার্ট-এ-তে থাকবে ৯০ মিনিটের ১০০টি প্রশ্ন, এইসব বিষয়ে : (ক) অঙ্ক, (খ) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (গ) বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। পার্ট-বি-তে থাকবে ৬০ মিনিটের ৭৫টি প্রশ্ন। প্রশ্ন হবে সংশ্লিষ্ট শাখার ওপর। প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায়। দু'টি পার্টেই নেগেটিভ মার্কিং আছে।

গ্রুপ-ডি পদের কম্পিউটার বেসড টেস্ট পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স -২৫ নম্বর, (২) অঙ্ক-২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা। সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় — (ক) ৩৫ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (একবার সুযোগ পাবেন), (খ)৪ মিনিট ১৫ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)।

মেয়েদের বেলায় — (ক) ২০ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (একবার সুযোগ পাবেন), (খ)৫ মিনিট ৪০ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে(এক সুযোগে)। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন।

■ *রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির পরীক্ষা কবে হবে? — তন্ময় বৈদ্য, কুষ্টিয়া, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ রেলের নির্ধারিত সূচী অনুযায়ী এন.টি.পি.সি. ক্যাটেগরির পরীক্ষা হবে এবছর ডিসেম্বর নাগাদ কিংবা ২০২৫ সালের জানুয়ারি নাগাদ হতে পারে।

■ *রেলের এন.টি.পি.সি. ও গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি এবছর কবে বেরোবে? — সামুন মুর্মু, ডেবরা, পশ্চিম মেদিনীপুর। অর্পিতা মোদক, বেথুয়াডহরী, নদিয়া।*

■■ রেলের এন.টি.পি.সি., জুনিয়র ইঞ্জিনিয়ার ও প্যারামেডিক্যাল ক্যাটেগরিতে প্রায় ৫০ হাজার শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে জুন-জুলাই নাগাদ। এছাড়াও গ্রুপ-ডি ও অন্যান্য পদে প্রায় ১ লাখের বেশি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে আগস্ট-সেপ্টেম্বর নাগাদ।

■ *রেলওয়ে প্রোটেকশন ফোর্সে কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা কবে হবে? একইসঙ্গে দু'টি পরীক্ষার জন্য দরখাস্ত করা যাবে কি? — রূপম দাস, হরিশপুর, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। রমা বিশ্বাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ পরীক্ষা আলাদা দিনে হবে। দু'টি পদের জন্য আলাদাভাবে দরখাস্ত করতে হবে।

■ *রেলওয়ে প্রোটেকশন ফোর্সে কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের বেলায় ই.ডব্লু.এস. ক্যাটেগরিতে দরখাস্ত করতে, এস.ডি.ও.'র দেওয়া ই.ডব্লু.এস. সার্টিফিকেট দিলে গ্রহণযোগ্য হবে কি? — পাপাই রায়, শ্রীনগর, পশ্চিম মেদিনীপুর।*

■■ হ্যাঁ, হবে।

## কলেজ সার্ভিসের

■ *অনার্স ছিল না ও ৫০% নম্বরও নেই। কিন্তু মাস্টার ডিগ্রি কোর্সে ৫০% নম্বর আছে। কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষা দিতে পারব কি? — সোমা মজুমদার, বর্ধমান।*

■■ না। কলেজ সার্ভিস কমিশনের সেট পরীক্ষার জন্য দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর সংশ্লিষ্ট বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫৫% (তপশিলী, ই.ডব্লু.এস., ও.বি.সি., ট্রান্সজেন্ডার, শারীরিক প্রতিবন্ধী আর দৃষ্টিহীন প্রতিবন্ধী প্রার্থী হলে ৫০%) নম্বর পেয়ে থাকতে হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-। পদের (RRB-XIII) প্রিলি. পরীক্ষা | ৩, ৪, ১০, ১৭ ও ১৮ আগস্ট | www.ibps.in |
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিসার স্কেল-।। ও ।।। (RRB-XIII) পরীক্ষা | ২৯ সেপ্টেম্বর | www.ibps.in |
| নার্সিং (ANM & GNM) কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা | ১৪ জুলাই | www.wbjeeb.in |
| UPSC-এর সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা | ১৬ জুন | www.upsc.gov.in |
| UPSC-এর ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা | ১৬ জুন | www.upsc.gov.in |
| C-TET-এর পরীক্ষা | ৭ জুলাই | www.ctet.nic.in |
| SSC-এর জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষা | ৪-৬ জুন | www.ssc.nic.in |
| PSC-এর ক্লার্কশিপ পরীক্ষা | আগস্টে | www.wbpsc.gov.in |
| PSC-এর মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা-২০২৩ | ২৮ জুলাই | www.wbpsc.gov.in |
| SSC-ফেজ XII পরীক্ষা | ২৪-২৬ জুন | www.ssc.nic.in |

কর্মসংস্থান ■ KARMASANGSTHAAN ■ Vol. 37 ■ Issue No. 19 ■ 11 May, 2024 ■ 13

## পি.এস.সি ক্লার্কশিপ

1. a, b, c ক্রমিক সমানুপাতী হলে, $\frac{1}{b-a}+\frac{1}{b-c}=$ কত?

(A) a (B) $\frac{1}{b}$ (C) $\frac{1}{a}$ (D) $\frac{1}{c}$

2. $(a+b):\sqrt{ab}=2:1$ হলে, a : b = কত?

(a) 1 : 1 (B) 2 : 1 (C) 1 : 2 (D) 2 : 3

3. $\frac{(2+\sqrt{2})}{\sqrt{2}-1}$ সংখ্যাটি হল —

(A) মূলদ সংখ্যা (B) অমূলদ সংখ্যা (C) পূর্ণ সংখ্যা (D) কোনোটিই নয়

4. (মূলদ সংখ্যা)$^{\text{মূলদ সংখ্যা}}$ —

(A) সর্বদা মূলদ সংখ্যা (B) সর্বদা অমূলদ সংখ্যা (C) হয় মূলদ অথবা অমূলদ (D) নির্ণয় করা অসম্ভব?

5. $\frac{1}{3}$ ও $\frac{1}{6}$-এর মধ্যে একটি মূলদ সংখ্যা হল —

(A) $\frac{1}{2}$ (B) $\frac{1}{4}$ (C) $\frac{1}{7}$ (D) $\frac{5}{6}$

6. 4 টাকায় 5টি লেবু কিনে, 8 টাকায় 6টি বিক্রি করলে শতকরা লাভ বা, ক্ষতি কত হবে?

(A) $33\frac{1}{3}$% লাভ (B) $33\frac{1}{3}$% ক্ষতি (C) $66\frac{1}{3}$% লাভ (D) লাভ বা, ক্ষতি কোনোটিই নয়

7. 10 টাকায় 9টি দরে কলা কিনে, 2 ডজন কত টাকায় বিক্রি করলে তার 50% লাভ হবে?

(A) 40 (B) 60 (C) 80 (D) 120

8. এক ব্যক্তি ব্যাঙ্কে দু'টি আলাদা খাতে 5,000 টাকা করে যথাক্রমে 8 বছর ও 10 বছরের জন্য রাখলেন। ব্যাঙ্ক সুদের হার 8% হলে, সুদের পার্থক্য নির্ণয় করুন।

(A) 450 টাকা (B) 800 টাকা (C) 750 টাকা (D) 1250 টাকা

9. সুদের হার দ্বিগুণ হওয়ায় এক ব্যক্তি 20000 টাকা থেকে 2 বছরে 2000 টাকা বেশি সুদ পায়। প্রথমে সুদের বার্ষিক হার কত ছিল?

(A) 7.5% (B) 3% (C) 6% (D) 5%

10. একটি দ্রব্যের মূল্য বছরে 5% হারে হ্রাস পায়। দ্রব্যটির বর্তমান মূল্য 18050 টাকা হলে, 2 বছর আগে দাম কী ছিল?

(A) 25000 টাকা (B) 30000 টাকা (C) 20000 টাকা (D) 35000 টাকা

11. একটি বাঁদর 10 মিটার দৈর্ঘ্যের একটি তৈলাক্ত বাঁশে ওঠার চেষ্টা করছিল। সে 1 মিনিটে 2 মিটার ওঠে ও পরবর্তী 1 মিনিটে 1 মিটার নেমে যায়। বাঁশটির শীর্ষে উঠতে বাঁদরটির কত সময় লাগবে?

(A) 17 মিনিট (B) 16 মিনিট (C) 15 মিনিট (D) নির্ণয় অসম্ভব

12. স্থির জলে একটি নৌকা ঘন্টায় 20 কিলোমিটার বেগে চলতে পারে। কিন্তু স্রোতের প্রতিকূলে একই দূরত্ব যেতে নৌকাটির ওই সময়ের 4 গুণ সময় লাগে। স্রোতের অনুকূলে 21 কিলোমিটার যেতে নৌকাটির কত সময় লাগবে?

(A) 36 মিনিট (B) 18 মিনিট (C) 9 মিনিট (D) 27 মিনিট

13. একটি 100 মিটার দৌড় প্রতিযোগিতায় যখন বালা 10 মিটার এগিয়ে যায়, তখন অলোক যাত্রা শুরু করে ও বালাকে 10 মিটার বা, 2 সেকেন্ডের ব্যবধানে হারায়। অলোকের দ্রুতি মিটার / সেকেন্ড-এ নির্ণয় করুন।

(A) $6\frac{1}{4}$ (B) $5\frac{5}{9}$ (C) $6\frac{2}{3}$ (D) $5\frac{1}{3}$

14. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যা অঙ্কদ্বয়ের সমষ্টির K গুণ। তাহলে মূল সংখ্যাটির অঙ্কদ্বয়ের স্থান পরিবর্তন করলে প্রাপ্ত সংখ্যা অঙ্কদ্বয়ের সমষ্টির কত গুণ?

(A) K − 1 (B) 11 − K (C) 3 + K (D) 10 − K

15. যদি $3\sqrt{5}+\sqrt{125}=17.88$ হয়, তাহলে $\sqrt{80}+6\sqrt{5}$-এর মান কত হবে?

(A) 13.41 (B) 20.46 (C) 21.66 (D) 22.35

16. $\frac{?}{\sqrt{128}}=\frac{\sqrt{162}}{?}$ সমীকরণটির উভয় (?) চিহ্নের জায়গায় হবে

(A) 12 (B) 14 (C) 144 (D) 196

17. যদি $\sqrt{x+\frac{x}{y}}=x\sqrt{\frac{x}{y}}$, যেখানে x ও y ধনাত্মক বাস্তব সংখ্যা তাহলে y সমতুল্য হল —

(A) x + 1 (B) x − 1 (C) $x^2+1$ (D) $x^2-1$

18. যদি $\frac{x}{y+z}=a$, $\frac{y}{z+x}=b$ ও $\frac{z}{x+y}=c$ হলে, $\frac{1}{1+a}+\frac{1}{1+b}+\frac{1}{1+c}=?$

(A) 2 (B) 3 (C) 6 (D) x+y+z

19. $\left[1+\frac{1}{x+1}\right]\left[1+\frac{1}{x+2}\right]\left[1+\frac{1}{x+3}\right]\left[1+\frac{1}{x+4}\right]$ এর মান কত?

(A) $\frac{x+5}{x+1}$ (B) $\frac{x+1}{x+5}$ (C) $1+\frac{1}{x+5}$ (D) $\frac{1}{x+5}$

20. একজন ব্যক্তিকে বছরে তার বয়স বলতে বলা হল। লোকটি বলল 3 বছর পর তার বয়সকে 3 দিয়ে গুণ করে তার থেকে তার 3 বছর আগের 3 গুণ বয়স বাদ দিলে, তার বয়স পাওয়া যাবে। মানুষটির বয়স কত বছর?

(A) 18 (B) 20 (C) 24 (D) 32

21. যদি $z=\frac{x^2}{y}$ ও x, y উভয়েরই মান 10% বৃদ্ধি পায়, z-এর মান শতকরা কত পরিবর্তন হল?

(A) 5% (B) 10% (C) 15% (D) 20%

22. এক ব্যক্তির একদিনে কার্যসময় 20% বৃদ্ধি পায় ও তার মজুরি প্রতি ঘন্টায় 15% বৃদ্ধি পায়। তার প্রতিদিনের আয় কত শতাংশ বৃদ্ধি পেয়েছিল?

(A) 35% (B) 15% (C) 38% (D) 56%

23. কোনো জিনিসের ধার্যমূল্য, ক্রয়মূল্য থেকে কত বেশি স্থির করলে, পরপর 20% ও $6\frac{1}{4}$% ছাড় দেওয়ার পরও ক্রয়মূল্যের ওপর 20% লাভ হবে?

(A) 40% (B) 50% (C) 65% (D) 60%

24. একটি ট্রেন ঘন্টায় 65 কিলোমিটার গতিবেগে যাত্রা করে ও 8টি স্টেশনে নির্দিষ্ট সময়ের জন্য থামে। এটি 1 দিনে (24 ঘন্টা) 1300 কিলোমিটার দূরত্ব অতিক্রম করে। যদি ট্রেনটি প্রতি স্টেশনে সমান সময়ের জন্য থেমে থাকে, তাহলে প্রতি স্টেশনে ট্রেনটি কত সময়ের জন্য থেমেছে?

(A) 20 মিনিট (B) 30 মিনিট (C) 40 মিনিট (D) 60 মিনিট

25. একটি বিমান উত্তর দিকে ঘন্টায় 400 মাইল গতিবেগে দুপুর 12টায় একটি শহরের ওপর দিয়ে পার হল। একটি বিমান পূর্বদিকে সমান উচ্চতায় 12.30 PM-এ একই শহরের ওপর দিয়ে পার হল। বিমানটি পূর্বদিকে ঘন্টায় 400 মাইল গতিবেগে উড়ছে। দুপুর 2টায় বিমান দু'টির মধ্যে ব্যবধান কত হবে?

(A) 600 মাইল (B) 1000 মাইল (C) 1100 মাইল (D) 1200 মাইল

26. $x+\frac{1}{x}=5$ হলে, $\frac{x^4+3x^3+5x^2+3x+1}{x^4+1}=$ কত?

(A) $\frac{26}{43}$ (B) $\frac{23}{43}$ (C) $\frac{43}{23}$ (D) $\frac{46}{26}$

27. কিছু পরিমাণ টাকা দু'টি সমান কিস্তিতে পরিশোধ করা হয়। 9% চক্রবৃদ্ধি সুদের হারে। যদি প্রতিটি কিস্তি 11881 টাকা হয়, তাহলে আসল টাকার পরিমাণ নির্ণয় করুন।

(A) 20600 (B) 20900 (C) 26600 (D) 20700

28. একটি বড় তেলের ড্রামের তলদেশে একটি ছিদ্র আছে। যদি প্রতি দিন 11 লিটার তেল ছিদ্র দিয়ে বেরিয়ে যায়, তাহলে বাকি তেল দিয়ে 50 দিনের কাজ চালানো যায় ও যদি প্রতিদিন 15 লিটার করে তেল বেরিয়ে যায়, বাকি তেল দিয়ে 45 দিন কাজ চালানো যেত। তাহলে ড্রামটিতে কোনো ছিদ্র না থাকলে ওই তেল দিয়ে কত দিন কাজ চালানো যেত?

(A) 80 (B) 72 (C) 100 (D) 120

29. কোনো বৃত্তের একটি চাপের দৈর্ঘ্য 4.5 $\pi$ সেন্টিমিটার ও এটি দিয়ে গঠিত অংশের ক্ষেত্রফল 27$\pi$ বর্গসেন্টিমিটার। বৃত্তের ব্যাস কত সেন্টিমিটার?

(A) 12 (B) 16 (C) 14 (D) 24

30. 100 লিটার একটি মিশ্রণে দুধ ও জলের অনুপাত 2 : 3. 10 লিটার এরকম মিশ্রণ থেকে তুলে নিয়ে সম পরিমাণ দুধ ঢালা হয়। এই প্রক্রিয়াটি আরো 2 বার করা হল। তাহলে এখন ওই মিশ্রণে কত শতাংশ দুধ আছে?

(A) 56.26% (B) 54.27% (C) 58.21% (D) 51.24%

31. 1 কেজি ভার =

(A) 9.8 নিউটন (B) 1 নিউটন (C) 10 নিউটন (D) 2.4 নিউটন

32. নিচের কোন পদার্থের গলনাঙ্ক ও হিমাঙ্ক সমান?

(A) চর্বি (B) মাখন (C) পারদ (D) মোম

33. সিসা ও টিন মিশিয়ে ফিউজ তার তৈরি করার কারণ —

(A) পরিবাহী তারের রোধ কমে (B) পরিবাহী তারের গলনাঙ্ক সিসা ও টিন উভয়ের গলনাঙ্কের থেকে কমে (C) পরিবাহী তার আরো শক্ত হয় (D) সিসা ও টিন সহজলভ্য

34. যদি গৃহীত বা, বর্জিত তাপ Q, ভর m ও উষ্ণতা বৃদ্ধি বা হ্রাস t হয়, তাহলে আপেক্ষিক তাপ (S) = ?

(A) $\frac{Qm}{t}$ (B) $\frac{Qt}{m}$ (C) $\frac{Q}{mt}$ (D) $\frac{mt}{Q}$

35. ক্যালাইডোস্কোপে আয়না তিনটির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত

(A) 1 : 4 (B) 4 : 1 (C) 2 : 4 (D) 4 : 2

36. দেহ তরলে $Na^+$ আয়ন কমে গেলে —

(A) রক্তচাপ বাড়ে (B) হজম শক্তি কমে (C) রক্তচাপ কমে (D) হাড় ক্ষয়ে যায়

37. ননস্টিকের বাসনপত্র তৈরিতে ব্যবহার করা হয় —

(A) পলিথিন (B) টেফলন (C) পিভিসি (D) টেরিলিন

38. নিচের কোনটি প্রোক্যারিওটিক জীব?

(A) অ্যামিবা (B) ইস্ট (C) প্লাসমোডিয়াম (D) নীলাভ সবুজ শৈবাল

39. মহাবীর কোন নদীর তীরে কৈবল্য লাভ করেন?

(A) ঋজুপালিকা (B) গঙ্গা (C) পুরুষানি (D) লুম্বিনী

40. মহাজনপদ মল্ল-এর রাজধানী কোনটি ছিল?

(A) বিরাট নগর (B) কুশীনারা (C) পাভা (D) B ও C উভয়ই

41. কৃষ্ণদেব রায় কোন মোগল শাসকের সমসাময়িক ছিলেন?

(A) শাহজাহান (B) ঔরঙ্গজেব (C) বাবর (D) জাহাঙ্গীর

42. চাঁদবিবি দাক্ষিণাত্যের কোন সাম্রাজ্যের শাসক ছিলেন?

(A) আহমেদনগর (B) বিদর (C) বিজাপুর (D) গোলকোন্ডা

43. 'সলবাই সন্ধি' কত সালে হয়েছিল?

(A) 1775 (B) 1776 (B) 1782 (D) 1784

44. 'রাধাস্বামী আন্দোলন'এর সঙ্গে কে যুক্ত ছিলেন?

(A) শিবনারায়ণ অগ্নিহোত্রী (B) তুলসী রাম (C) জ্যোতিবা ফুলে (D) নারায়ণ গুরু

45. কাবুলে কে ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স লীগ অ্যান্ড গভর্নমেন্ট প্রতিষ্ঠা করেন?

(A) রাসবিহারী বসু (B) তারকনাথ দাস (C) লালা হরদয়াল (D) রাজা মহেন্দ্র প্রতাপ

46. সমুদ্রের জল লাল হওয়ার কারণ নিচের কোনটির সংখ্যা ক্রমশ বৃদ্ধি —

(A) ডায়াটম (B) তারামাছ (C) ডাইনোফ্ল্যাজেলেটস (D) কেল্প

47. কত সালে মহীশূর রাজ্যের নাম বদল করে কর্ণাটক রাখা হয়?

(A) 1950 (B) 1969 (C) 1973 (D) 1992

48. প্রস্তাবনার ভাষা ধারণাটি ভারতীয় সংবিধানে কোন দেশ থেকে গৃহীত হয়েছে?

(A) মার্কিন যুক্তরাষ্ট্র (B) যুক্তরাজ্য (C) জার্মানি (D) অস্ট্রেলিয়া

49. পশ্চিমবঙ্গে এখনো পর্যন্ত কতবার রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছে ?

(A) 4 (B) 5 (C) 3 (D) এখনো পর্যন্ত জারি করা হয়নি

50. পার্লামেন্টের অধিবেশন শেষের সময় কোন গানটি গাওয়া হয়?

(A) জনগণমন (B) সারে জাহা সে আচ্ছা (C) বন্দে মাতরম (D) জয় হো

51. উত্তর দিনাজপুর জেলার সদরদফতর কোনটি?

(A) রায়গঞ্জ (B) বালুরঘাট (C) ইসলামপুর (D) সাঁইথিয়া

52. পশ্চিমবঙ্গের কোন জেলায় শিক্ষার হার সবথেকে বেশি?

(A) কলকাতা (B) পুরুলিয়া (C) পূর্ব বর্ধমান (D) পূর্ব মেদিনীপুর

53. 'পিচোলা' হ্রদটি ভারতের কোন রাজ্যে অবস্থিত?

(A) লাদাখ (B) মহারাষ্ট্র (C) ত্রিপুরা (D) রাজস্থান

54. 'An Area of Darkness' বইটির লেখক কে?

(A) কিরণ দেশাই (B) ভি.এস. নাইপাল (C) নয়নতারা শেহগাল (D) অরুন্ধতী রায়

55. যে জায়গায় সাইক্লিং করা হয় তাকে কী বলে?

(A) Field (B) Diamond (C) Velodrome (D) Arena

56. ওস্তাদ বুন্দু খান কোন বাদ্যযন্ত্রের সঙ্গে যুক্ত?

(A) সারেঙ্গী (B) হারমোনিয়াম (C) সরোদ (D) বাঁশি

57. হাওয়াই দ্বীপপুঞ্জ আবিষ্কার করেন কোন ব্যক্তি?

(A) জেমস কুক (B) ভাস্কো দা গামা (C) ম্যাগেলান (D) রোল্ড আমুন্ডসেন

58. 'চাভ্যাং কুট ফেস্টিভ্যাল' ভারতের কোন রাজ্যের একটি উৎসব?

(A) কেরল (B) ঝাড়খণ্ড (C) মণিপুর (D) রাজস্থান

59. 'জাতীয় শিশু কন্যা দিবস' কবে পালিত হয়?

## WBPSC Exam

# ক্লার্কশিপ পরীক্ষা



পশ্চিমবঙ্গ সরকারের সেক্রেটারিয়েট, ডিরেক্টরেট, জেলা অফিসার ও অন্যান্য আঞ্চলিক অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদে প্রায় ৬,০০০ শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। ২০২৩ সালের ক্লার্কশিপ' পরীক্ষার মাধ্যমে। প্রথমে লিখিত পরীক্ষা হবে দু'টি পার্টে। লিখিত পরীক্ষা আগস্টে হওয়ার সম্ভাবনা। প্রথম পার্টের পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (ক) ইংরিজি - ৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক - ৩০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। প্রথম পার্টে যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন রাজ্য সরকারের মূল্যায়ন পর্যদে কর্মরত নুরুল ইসলাম।

## পি.এস.সি ক্লার্কশিপ

(A) 25 জানুয়ারি (B) 24 জানুয়ারি (C) 15 মার্চ (D) 29 ডিসেম্বর

60. পশ্চিমবঙ্গ সরকার কত সালে 'তারুণ্যের স্বপ্ন' প্রকল্পটি চালু করে?

(A) 2014 (B) 2020 (C) 2018 (D) 2022

61. ইরানের প্রেসিডেন্ট এখন কে?

(A) ইব্রাহিম রাইসি (B) কিম জং উন (C) বেঞ্জামিন নেতানিয়াহু (D) জেলেনস্কি

62. প্রাক্তন ক্রিকেটার গাই হুইটল কোন দেশের ক্রিকেটার ছিলেন?

(A) ওয়েস্ট ইন্ডিজ (B) জিম্বাবোয়ে (C) অস্ট্রেলিয়া (D) আয়ারল্যান্ড

63. 'আলিগড় মুসলিম ইউনিভার্সিটি'র প্রথম মহিলা ভাইস চ্যান্সেলর পদে নিযুক্ত হলেন কে?

(A) নামিরা খাতুন (B) নাঈমা খাতুন (C) রুবিয়া পারভিন (D) রাহিলা সুলতানা

64. 'জাতীয় তাঁত দিবস' কে ঘোষণা করেন?

(A) রাষ্ট্রপতি (B) বস্ত্র মন্ত্রক (C) প্রধানমন্ত্রী (D) সংস্কৃতি মন্ত্রক

65. 'মিলওয়াকি ট্রেঞ্চ' কোথায় অবস্থিত?

(A) ভারত মহাসাগর (B) প্রশান্ত মহাসাগর (C) আতলান্তিক মহাসাগর (D) আরব সাগর

66. নিচের কোন রাজ্যে 'বন গঙ্গা' উৎসব পালিত হয়?

(A) মহারাষ্ট্র (B) হিমাচল প্রদেশ (C) সিকিম (D) কেরল

67. সম্প্রতি 'পদ্মশ্রী' সম্মান পেলেন রেজওয়ানা চৌধুরী বন্যা, তিনি কোন ক্ষেত্রে বিখ্যাত —

(A) নৃত্যশিল্পী (B) রবীন্দ্রসঙ্গীত শিল্পী (C) ফুটবলার (D) সাঁতারু

68. এবছর 'ওয়ার্ল্ড সাইবার ক্রাইম ইনডেক্স' অনুযায়ী ভারতের স্থান কততম?

(A) 13 (B) 18 (C) 10 (D) 25

69. সম্প্রতি অবসর ঘোষণা করলেন সৌরভ ঘোষাল, তিনি কোন খেলার সঙ্গে যুক্ত?

(A) টেবল টেনিস (B) স্কোয়াশ (C) দাবা (D) আইস হকি

70. ইরাকের রাজধানী কী?

(A) তেহরান (B) বাগদাদ (C) বুসান (D) দামাস্কাস

71. One who always Contempt of God is called

(A) Atheism (B) Nihilism (C) Blasphemy (D) Agnosticism.

72. I was young **once**.( Identify the bold word which parts of speech :)

(A) Adverb (B) Pronoun (C) Adjective (D) Noun

73. Adjective form of Read

(A) Read (B) Readable (C) Reading (D) Reader

74. The plural form of Focus?

(A) Foci (B) Focus (C) Focuses (D) Focal

75. He said, "Can you sing?" And I said, "No". (Make the sentence in Indirect/direct Speech.)

(A) He asked me that could I sing and I refused. (B) He asked me if I could sing and I said that I couldn't. (C) He asked me that he could sing and I refused. (D) He asked me if could I sing and I refused.

76. He likes people to flatter him. ( Make the sentence in Passive voice)

(A) He likes to be flattered by people. (B) He likes to have been flattered by people. (C) He likes people to be flattered by him. (D) He likes to be flatter bythe people. ..

77.Add a suitable prefix.

Interview

(A) Interviewed (B) Interviewee (C) Interviewea (D) Interviewe

78. Fill in with suitable conjunction

She did not like the food —— she ateit

(A) so (B) because (C) yet (D) while

79. 'Ewe' the faminine name of

(A) Swan (B) Wolf (C) Bee (D) Sheep

80. 'Pegnet' may be expressed by the following intergection

(A) Bravo! (B) Hush! (C) Hurrah! (D) Alas!

**Find out which part of a sentence has an error.**

81. My brother has met (A)/ the President (B)/ yesterday. (C)/ No error (D)

82. Hardly had they entered (A)/ the room than the (B)/ rain stopped. (C)/ No error (D)

**Choose the correct alternative out of the four**

83. The lawyer has plenty of _____

(A) criminals (B) clients (C) customers (D) buyers

84. Make haste _____ we shall miss the train.

(A) either (B) or (C) else (D) lest

**Choose the one which best expresses the meaning of the given word.**

85. VALIANT

(A) Courageous (B) Argumentative (C) Jolly (D) Disgusting

86. OBSTREPEROUS

(A) Lethargic (B) Difficult (C) Sullen (D) Disobedient

87. LUDICROUS

(A) Ridiculous (B) Profitable (C) Disease (D) Intimate

**Choose the word opposite in meaning to the given word.**

88. HINDRANCE

(A) Arrogant (B) Obstinate (C) Agreement (D) Assistance

89. DISSENT

(A) Disagreement (B) Unacceptable (C) Agreement (D) Discord

90. CANDID

(A) Ambiguous (B) Secretive (C) Uncertain (D) Misleading

**91. Find the word spelt in correct.**

(A) Maintenance (B) Balloon (C) Tenacious (D) Aparent

92. Idiomatic expression of **Dead letter**

(A) not well-thought out (B) no longer in force (C) no longer relevant (D) not in keeping with the changing times

93. Idiomatic expression of **Bore the palm**

(A) played quite well (B) was victorious (C) was defeated (D) played a very boring match

94. Idiomatic expression ofkeep your wig on.

(A) hold on to your wig, so it won't fall off (B) get another hair cut

(C) calm down (D) take off your wig

95. To burn candle at both ends mean

(A) To turn someone angry (B) To become easily frightened

(C) To waste lavishly (D) To speak eagerly about something you support

**Choose the correct alternativein case of any Improvement is needed .**

96. By the time she had finishedher work, I had nearly given up all hope of arriving at the party in time.

(A) she was finishing (B) she finished

(C) she will finish (D) No improvement

97. He was accused forstealing an expensive watch.

(A) accused with (B) accused of

(C) accused upon (D) No improvement

**Choose the one which can be substituted for the given sentence.**

98. A place where mad men are kept

(A) Epistle (B) Repartee (C) Asylum (D) Megalomaniac

99. A magnificent tomb

(A) Laconic (B) Mausoleum (C) Souvenir (D) Remission

100. Science of printing

(A) Calligraphy (B) Typography (C) Topography (D) Cryptography

### উত্তর

1(B). 2(A). 3(B). 4(C). 5(B). 6(C). 7(A). 8(B). 9(D). 10(C). 11(A). 12(A). 13(A). 14(B). 15(D). 16(A). 17(D). 18(A). 19(A). 20(A). 21(B). 22(C). 23(D). 24(B). 25(B). 26(C). 27(B). 28(B). 29(D). 30(A). 31(A). 32(C). 33(B). 34(C). 35(B). 36(C). 37(B). 38(D). 39(A). 40(D). 41(C). 42(A). 43(C). 44(B). 45(D). 46(C). 47(C). 48(D). 49(B). 50(C). 51(A). 52(D). 53(D). 54(B). 55(C). 56(A). 57(A). 58(C). 59(B). 60(D). 61(A). 62(B). 63(B). 64(C). 65(C). 66(A). 67(B). 68(C). 69(B). 70(B). 71(C). 72(A). 73(B). 74(A). 75(B). 76(A). 77(B). 78(C). 79(D). 80D). 81(A). 82(B). 83(B). 84(B). 85(A). 86(D). 87(A). 88(D). 89(C). 90(B). 91(D). 92(B). 93(B). 94(C). 95(C). 96(B). 97(B). 98(C). 99(B). 100(B).

## পঞ্চায়েতে ৬,৫৫২ শূন্যপদ

১ পাতার পর

নবান্ন সূত্রে খবর নাম রেজিস্ট্রেশন (One Time Registration) ও প্রোফাইল সম্পন্ন (Profile Updation) করার প্রক্রিয়া আগেই শুরু হয়েছে। বহু প্রার্থী এর মধ্যে নাম রেজিস্ট্রেশন করেছেন। যাঁরা নাম রেজিস্ট্রেশন করেননি, তাঁরা নাম রেজিস্ট্রেশন করে রাখুন। তবে অনলাইনে দরখাস্ত করার সময়ও নাম রেজিস্ট্রেশন করার সুযোগ দেওয়া হতে পারে। নাম রেজিস্ট্রেশন করার পর যে ইউজার আই.ডি. পাবেন ও পাশওয়ার্ড দেবেন সেটি নিজের কাছে রেখে দিতে হবে। সংশ্লিষ্ট জেলার 'ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি (DLSC)' বিজ্ঞপ্তি দিলে তখন এই ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড দিয়ে ওপেন করে সংশ্লিষ্ট পদের জন্য দরখাস্ত করতে হবে। নাম রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে : www. wbprms.in

কোন জেলায় ক'টি শূন্যপদ আছে : বাঁকুড়া জেলায় ৬০৭টি, দক্ষিণ ২৪ পরগনা জেলায় ৫১৬টি, হুগলি জেলায় ৬০৬টি, উত্তর ২৪ পরগনা জেলায় ৫৬৬টি, পশ্চিম মেদিনীপুর জেলায় ৫৬০টি, পুরুলিয়া জেলায় ৪০৫টি, আলিপুরদুয়ার ১৮১টি, বীরভূমে ১৪৭টি, কোচবিহারে ২০০টি, দক্ষিণ দিনাজপুরে ১৮৪টি, দার্জিলিংয়ে ৩৬৬টি, হাওড়ায় ৪৪২টি, জলপাইগুড়িতে ১৪৬টি, ঝাড়গ্রাম ২২৫টি, কালিম্পংয়ে ১৬৯টি, মালদা ১৩৮টি, মুর্শিদাবাদ ১৭৮টি, নদিয়া ১৪৪টি, পশ্চিম বর্ধমানে ১২৩টি, পূর্ব বর্ধমান ৩১৮টি, পূর্ব মেদিনীপুর ৩২৯টি, উত্তর দিনাজপুরে ১০০টি, দার্জিলিং ৬৫টি।

## কেন্দ্রীয় সংস্থায় ১২৭ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। স্টাইপেন্ড পাবেন। ১২ মাসের ট্রেনিং। শূন্যপদ : ফিটার ২০টি, টার্নার ৮টি, মেশিনিস্ট ১৬টি, ওয়েল্ডার ৪টি, ইলেক্ট্রিশিয়ান ১২টি, ইলেক্ট্রনিক্স ৪টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৬০টি, কার্পেন্টার ২টি, বুক বাইন্ডার ১টি।

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে / লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও ফর্মের কপি নিয়ে যাবেন।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ৩১ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : http://apprenticeshipindia.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এরপর ডি.আর.ডি.ও.-তে দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই লিঙ্কে ক্লিক করলে : https://forms.gle/xqRjBZ4U6NqgbvTDA আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

এক জানালায়
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর কলকাতার জন্য
কর্মসংস্থান, সংবাদ ও Appointment & Career News সুখবর-এর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

বীরভূম ও মুর্শিদাবাদ
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

পুরুলিয়া ও বাঁকুড়া
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

উত্তর কলকাতা
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15
Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

সংবাদ প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য যোগাযোগ করুন এই নম্বরে -
9830795430
appointmentnews@gmail.com

## ৩৮ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩৮ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস : নেওয়া হবে বি.এসসি. (বায়োলজি, কেমিস্ট্রি, ফিজিক্স, অঙ্ক), বি. ফার্মা, লাইব্রেরি সায়েন্স। বায়োলজি, কেমিস্ট্রি, ফিজিক্স বা, অঙ্কের বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ১৪টি।

ফার্মাসির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ ২টি।

লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ১টি।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব বিষয়ে : কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, মডার্ণ অফিস প্র্যাক্টিস, লাইব্রেরি সায়েন্স। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : কম্পিউটার ইঞ্জিনিয়ারিং ৩টি, ইলেক্ট্রিক্যাল ১টি, মেকানিক্যাল ১টি, মেডিকাল ল্যাব টেকনোলজি ৪টি, মডার্ণ অফিস প্র্যাক্টিস ১১টি, লাইব্রেরি সায়েন্স ১টি।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর ইন্টারভিউ হবে।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ১৫ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান (৪০ কে.বি.'র বেশি হবে না, এর মধ্যে ফটো ৩০ কে.বি. ও সিগনেচার ১০ কে.বি. হতে হবে) করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের দেশ ও বিদেশে চাকরীর সুযোগ

TIEM®

# THE INSTITUTE OF EDUCATION & MANAGEMENT

**Course Approved by Govt. of India**
**Reg. with MSME Govt. of India**
**Recognition By HRAEI**

# Hotel & Hospitality Management

সেরার স্বীকৃতি
ভারতের সর্বাধিক প্রচারিত সাপ্তাহিক
কর্মসংস্থান-এর
বিচারে ২০১৯ সালের
PLACEMENT CATEGORY-তে
সেরা হোটেল
ম্যানেজমেন্ট কলেজ
TIEM®




Education Excellence 2023 সেরা স্বীকৃতি



ZEE ২৪ ঘণ্টা Education Excellence 2021 সেরার স্বীকৃতি



NEWS 18 Education Excellence 2022 সেরার স্বীকৃতি

## কেন TIEM-এ ভর্তি হবেন ?

- Bank Loan-এর ব্যবস্থা ও চাকরি পাওয়ার পর পরিশোধ করার সুবিধা
- ভর্তির সময় Job bond Letter.
- Installment এ Course Fee দেওয়ার সুবিধা
- Fully AC Campus
- wi-fi connectivity
- Free Separate Hostel facilities for Girls & Boys.
- Regular Industry visit.
- Concession for SC / ST / OBC / Girls
- Books & Uniform Free

Admissions OPEN

কোর্স করলেই দেশ বিদেশে
চাকরি

কোর্স করতে করতে 8000/- থেকে
12000/- টাকা Income এর সুযোগ

Placement Record

দরিদ্র ছাত্র-ছাত্রীদের
কোর্স করার বিশেষ সুযোগ



## TIEM থেকে পাশ করা কিছু কর্মরত ছাত্র-ছাত্রী

| | | | |
|---|---|---|---|
| ANIMESH MANDAL<br>HOUSEKEEPING ASSOCIATE MOVENPICK, AL MARJAN ISLAND, UAE | ASHKUMAR GURUNG<br>COMMIS - I<br>SHERATON HOTELS & RESORTS, DUBAI UAE | BAPAN SASMAL<br>COMMI -III<br>ITALIAN BARISTA COFFEE. MUSCAT, OMAN | BIPLAB NANDI<br>GUEST SERVICE ASSISTANT, COSTA FIRENZE CRUISE, ITALY, EUROPE |
| DIPRAVA SIL<br>BANQUET SALES MANAGER, RADISSON BLU WATER FRONT, CAPE TOWN, SOUTH AFRICA | HARISADHAN DOLAI<br>TEAM MEMBER, EMIRATES FLIGHT CATERING, DUBAI, UAE | ILIAS BISWAS<br>GUEST SERVICE AGENT, VIP CLUB, DOHA, QATAR | KAMARUZZAMAN SK<br>ROOM ATTENDANT, JW MARRIOTT MARQUIS, DUBAI UNITED ARAB EMIRATES |
| MD. MAHBUB ALAM<br>F & B ASSOCIATE<br>WYNDHAM DUBAI MARINA, DUBAI<br>UNITED ARAB EMIRATES | NARAYAN GHORAI<br>PASTRY CHEF<br>AL BAZ, ABU DHABI<br>UNITED ARAB EMIRATES | NAVJEET KUMAR<br>COMMIS -I<br>RADISSON BLU HOTEL WATER FRONT, DUBAI<br>UNITED ARAB EMIRATES | POBITRA BERA<br>F & B ASSOCIATE<br>SHABABIK, RIYADH<br>SAUDI ARABIA |
| PRIYANKA GOMES<br>GUEST RELATION EXECUTIVE<br>TAJ DUBAI, DUBAI<br>UNITED ARAB EMIRATES | PROLOY DEBNATH<br>F & B ASSOCIATE<br>OAK & SMOKE, KUWAIT CITY, KUWAIT | RAHUL MIDDYA<br>HEAD WAITER<br>CARNIVAL CRUISE, NEW YORK, USA | RAJAT KARMAKAR<br>COMMIS - II<br>LIFE WITH CACAO, RIYADH<br>KINGDOM OF SAUDI ARABIA |
| RAJDEEP CHATTERJEE<br>COMMIS - I<br>FOUR POINTS BY SHERATON, KWAIT CITY, KUWAIT | RAJJAB ALI MOLLA<br>BARTENDER<br>LE ROYAL MERIDIAN HOTEL ABU DHABI, UAE | SK. SAYRAJ ALI<br>WAITER<br>CAFÉ LILOU, RIYADH<br>KINGDOM OF SAUDI ARABIA | SHUVAM BISWAS<br>ASSISTANT COOK<br>SAGA CRUISE, LONDON<br>UNITED KINGDOM |
| SOMENATH DEY<br>COMMIS - III<br>EMIRATES FLIGHT CATERING, DUBAI UAE | SOUVIK PANDA<br>TEAM MEMBER<br>NATIONAL CORPORATION FOR TOURISM & HOTELS, DUBAI, UAE | SUCHANDA GUHA<br>FRONT OFFICE ASSISTANT<br>STAYBRIDGE SUITES DUBAI INTERNATIONAL, DUBAI<br>UNITED ARAB EMIRATES | SUMAN DINDA<br>F&B QDFC<br>QATAR AIRWAYS, DOHA, QATAR |

**Kolkata Campus :6, Seal's Garden Lane, Kolkata- 700 002 (Near-Dumdum)**
**Contact : 9002469602 / 8697588002**

# অনেক কোর্স, ঠিকানা একটাই

# হালদার গ্রুপ

HGI Estd. 2008

**(WB GOVT. REG. NO : IV-1903-00118/2022)**

**An ISO 9001:2008 Certified Institute | www.haldargroup.org.in**

অফিস : সোনারপুর (স্টেশন রোড), কলকাতা- 700150, পশ্চিমবঙ্গ



*Mr. Samar Haldar*
Chairman & Director

| SCHOOL / COLLEGE | COURSE | STREAM / DEPARTMENT | TOTAL SEMESTER | ADMISSION FEES | SEMESTER FEES | TOTAL FEES |
|---|---|---|---|---|---|---|
| SCHOOL OF ENGINEERING | B.TECH | MECHANICAL, CIVIL, ELECTRICAL, COMPUTER SCIENCE, ECE | 8 | 10000/- | 40000/- | 3,30,000/- |
| | B.TECH (Lat.) | MECHANICAL, CIVIL, ELECTRICAL, COMPUTER SCIENCE, ECE | 6 | 10000/- | 40000/- | 2,50,000/- |
| | M.TECH | MECHANICAL, CIVIL, ELECTRICAL, COMPUTER SCIENCE | 4 | 10000/- | 40000/- | 1,70,000/- |
| SCHOOL OF COMMERCE AND MANAGEMENT STUDIES | B.COM | ACCOUNTANCY | 6 | 5000/- | 15000/- | 95,000/- |
| | M.COM | | 4 | 5000/- | 15000/- | 65,000/- |
| | BHM | HOTEL MANAGEMENT | 8 | 10000/- | 40000/- | 3,30,000/- |
| | BBA(H) | BUSINESS ADMINISTRATION | 6 | 10000/- | 25000/- | 1,60,000/- |
| | BHM | HOSPITAL MANAGEMENT | 6 | 10000/- | 25000/- | 1,60,000/- |
| | MBA | HUMAN RESOURCE, FINANCE, MARKETING, RURAL DEVELOPMENT MANAGEMENT, BANKING, RETAIL, SUPPLY AND CHAIN MARKETING | 4 | 10000/- | 50000/- | 2,10,000/- |
| SCHOOL OF PHARMACY | B.PHARM | PHARMACY | 8 | 20000/- | 60000/- | 5,00,000/- |
| | B.PHARM (Lat.) | PHARMACY | 6 | 20000/- | 60000/- | 3,80,000/- |
| | D.PHARM | PHARMACY | 4 | 15000/- | 65000/- | 2,75,000/- |
| | M.PHARM | PHARMACY (PHARMACEUTICS, PHARMACEUTICAL, CHEMISTRY) | 4 | 25000/- | 110000/- | 4,65,000/- |
| SCHOOL OF LAW | BA- LLB | LAW | 10 | 10000/- | 40000/- | 4,10,000/- |
| | LLB | LAW | 6 | 10000/- | 50000/- | 3,10,000/- |
| | LLM | CORPORATE & COMMERCIAL LAW, CRIMINAL LAW | 4 | 10000/- | 50000/- | 2,10,000/- |
| SCHOOL OF AGRICULTURE | B.SC (H) | AGRICULTURE | 8 | 10000/- | 45000/- | 3,70,000/ |
| | B.SC (H) | RURAL DEVELOPMENT & MANAGEMENT ( RDM), AGRI BUSINESS MANAGEMENT | 6 | 10000/- | 30000/- | 1,90,000/- |
| | M.SC | | 4 | 10000/- | | 1,30,000/- |
| | M.SC | AGRONOMY, SOIL SC., HORTICULTURE, PLANT PATHOLOGY, PLANT BREEDING & GENETICS, AGRICULTURE EXTENSION | 4 | 10000/- | 70000/- | 2,90,000/- |
| SCHOOL OF BIO- SCIENCE | B.SC | FISHERIES SCIENCE | 8 | 10000/- | 30000/- | 2,50,000/- |
| | M.SC | | 4 | 10000/- | 30000/- | 1,30,000/- |
| SCHOOL OF LIBRARY AND INFORMATION SCIENCE | B.L.I.S, M.L.I.S | LIBRARY & INFORMATION SCIENCE | 2 | 10000/- | 15000/- | 40,000/- |
| SCHOOL OF BIO- SCIENCE | B.SC | ZOOLOGY, BOTANY, NUTRITION, BIOCHEMISTRY, EVS, MICROBIOLOGY, BIO-TECHNOLOGY | 6 | 5000/- | 20000/- | 1,25,000/- |
| | M.SC | | 4 | 5000/- | | 85,000/- |
| SCHOOL OF COMPUTER APPLICATION | BCA (H) | COMPUTER APPLICATION | 6 | 10000/- | 25000/- | 1,60,000/- |
| | MCA | | 4 | 10000/- | 25000/- | 1,10,000/- |
| SCHOOL OF SCIENCE | B.SC | PHYSICS, CHEMISTRY, MATHEMATICS, GEOGRAPHY, ECONOMICS | 6 | 5000/- | 15000/- | 95,000/- |
| | M.SC | | 4 | 5000/- | 15000/- | 65,000/- |
| SCHOOL OF ARTS | B.A | BENGALI, ENGLISH, HISTORY, GEOGRAPHY, EDUCATION, POLITICAL SCIENCE, SANSKRIT, SOCIOLOGY, PHILOSOPHY, | 6 | 5000/- | 15000/- | 95,000/- |
| | M.A | | 4 | 5000/- | 15000/- | 65,000/- |
| SCHOOL OF SOCIAL SCIENCE | BSW, MSW | SOCIAL WORKS | 6 | 10000/- | 25000/- | 1,60,000/- |
| | BA, MA | RURAL STUDIES, WOMEN STUDIES | 6 | 10000/- | 15000/- | 1,00,000/- |
| SCHOOL OF VISUAL ARTS | BFA | PAINTING, SCULPTURE | 8 | 10000/- | 25000/- | 2,10,000/- |
| | MFA | | 4 | 10000/- | | 1,10,000/- |
| SCHOOL OF PARAMEDICAL AND HEALTH SCIENCE | BMLT | MEDICAL LAB TECHNOLOGY, MEDICAL RADIOLOGY, PHYSIOTHERAPY | 6 | 10000/- | 35000/- | 2,20,000/- |
| | DMLT | | 4 | 10000/- | 35000/- | 1,50,000/- |
| SCHOOL OF DOCTORAL STUDIES | PH.D | SCIENCE, ARTS, COM, MANAGEMENT, ENGINEERING | | | | 5,50,000/- |

**REGULAR COURSE : W.B** **Approved by : UGC, BCI, PCI, AICTE, AIU & NSDC**

**Admission Call: 8250707461 / 9836239598** **Franchisee Call: 7003323135**


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com